Department of Media Studies and Journalism

Internship Report

Prepared by

Name: Sohan Al Razi
ID: 191012052
Term: Spring 2024
Course Code: MSJ-11498

Host Organization: The Daily Ittefaq

Date of Submission: 23/04/2024

Table of Contents

Content	Page No.
Student Details	3
Internship Details	3
Acknowledgment	4
Plagiarism Declaration	5
Internship Report Approval Form	6
Introduction	7
Objectives	8
Host Organization	9
Organogram	10
Work Environment	11
Tasks as Intern	12
Project Details	13-81
Internship Outcome	82
Workplace Log	83
Self-Assessment Form	92
Professional Competencies	95
Appendix	96

Student Details:

Name	Sohan Al Razi
ID	191012052
Department	Media Studies and Journalism
Major Concentration	Public Relations
Minor Concentration	BBA
Career Objectives	I am deeply passionate about journalistic writing. I am driven to use my research, storytelling, and interpersonal skills to create compelling, informative content that captivates audiences.

Internship Details:

Host Organization	The Daily Ittefaq
Address	40, Karwan Bazar, Dhaka 1215
Website	https://www.ittefaq.com.bd/
Host Organization Supervisor	Md. Ahiduzzaman (Sub-Editor)
Internship Area	Online News (National, Politics)
Internship Start Date	21 January, 2024
Internship End Date	26 March, 2024
Average Working Hour	4 Hours
Weekly Working Hour	24+ Hours
Total Working Period	Approximately 9 Weeks

Acknowledgment

Securing an internship at one of the prestigious and renowned newspapers felt like a dream come true for me. My journey to this point has been marked by uncertainty, especially since my fourth semester when I struggled to decide my academic path I felt confused and demoralized, unsure of the purpose or outcome of my studies.

Then, the Covid-19 pandemic hit, and it took a toll on my mental well-being. There were moments when I doubted whether I could even continue with my academic journey. Despite being a communication student, my biggest weakness was my communication skills. I was averse to meeting new people and expressing myself in front of them. But I managed to turn things around.

In my seventh semester, I decided to join the apprenticeship program. There, I met new people and worked on improving my communication skills. Surprisingly in a quick manner, I became everyone's favorite.

Since childhood, I have had a deep interest in politics, even though I ultimately chose Public Relations as my major. I have always been confident in my Bangla writing skills, and the idea of seeing my work published has always been appealing to me. When the 12th National Election came around, I knew I wanted to be an intern at a newspaper.

My internship supervisor, Md. Md. Ahiduzzaman, aka Poliar Wahid, guided me like an elder brother, despite being one of the busiest employees at the Daily Ittefaq. This internship was my first real taste of the world of journalism.

I owe my family a huge debt of gratitude, especially my three elder siblings. Since our father retired in 2020, they have been the ones supporting me financially through my education and living expenses.

I also want to thank my internship advisor, Andalib Rubayat, for his guidance, support, and motivation throughout my internship.

As this five-year journey ends, I cannot help but reflect on how far I have come and the incredible experiences that have shaped me.

PLAGIARISM DECLARATION

1. I know that plagiarism means taking and using the ideas, writings, works, or inventions of another as if they were one's own. I know that plagiarism not only includes verbatim copying but also the extensive use of another person's ideas without proper acknowledgment (which includes the proper use of quotation marks). I know that plagiarism covers this sort of use of material found in textual sources and from the Internet.

2. I acknowledge and understand that plagiarism is wrong.

3. I understand that my research must be accurately referenced.

4. This assignment is my own work, or my group's own unique group assignment. I acknowledge that copying someone else's assignment, or part of it, is wrong and that submitting identical work to others constitutes a form of plagiarism.

5. I have not allowed, nor will I in the future allow, anyone to copy my work with the intention of passing it off as their own work.

Name: Sohan Al Razi

ULAB ID: 191012052

Signature: ____________________________

MSJ042

INTERNSHIP REPORT APPROVAL FORM

Student Name: Sohan Al Razi — ID No: 191012052

Major: Public Relations — Year: 2024

Local Phone: 01747037911 — Email: sohan.razi.msj@ulab.edu.bd

INTERNSHIP/PROJECT INFORMATION

Internship

Organization/Project: The Daily Ittefaq

Internship /Project Report: Online (Central Desk)

Topic:____

Semester (Tick one): √ Spring 2024 □ Summer 2024 □ Fall 2024

Advisor APPROVAL

(Please place a Tick)

□ Approved □ Not Approved □ Partial Re-write □ Full Re-write

Remarks (If Not Approved/Pretrial/Full Rewrite):

____

Signature: ____________________________ Date: ________________

Name: Andalib Rubayat — Title: Senior Lecturer

E-mail: andalib.rubayat@ulab.edu.bd — Phone: 01918939190

MSJ041(00) Page 1 of 1

Introduction

Although majoring in Public Relations, my growing interest in current politics and national news led me to land an internship at The Daily Ittefaq, a well-respected newspaper with a long history in Bangladesh. Within the online section, I worked as a trainee sub-editor.

My job was to carefully read through emails sent by reporters from different districts and smaller towns. I had to decide which stories were important enough to publish and which were not. It did not take long to realize that editing news is challenging. Most of the emails just had bits and pieces of information, often with mistakes in grammar and spelling.

My responsibility was to turn them into proper news articles. Sometimes, the information was missing details, so I had to call the reporters to get everything we needed. Once I finished editing, I sent the articles to my supervisor for a final check before they were published online.

I diligently monitored other sources to ensure we did not miss any stories that The Daily Ittefaq had not covered. Before publishing anything, I cross-referenced it with articles from other newspapers on the same topic.

The internship taught me a lot. I learned what every news story needs, how different newspapers edit things, and how to edit and proofread carefully. Before this, writing catchy headlines was my biggest weakness, but I got much better at it during the internship.

Seeing how a newsroom runs and getting to work with experienced journalists was fantastic. I also learned how to handle pressure and meet deadlines. At first, I was a little disappointed because my supervisor didn't give me much work to do.

But after a week, he started giving me many articles, and I became one of the busiest interns. I edited over 100 news pieces, which is a lot for an intern.

Overall, the internship was a really interesting and educational experience. I learned a lot and feel proud of what I accomplished.

Objectives

During my internship at The Daily Ittefaq, my objective was to gain valuable experience in journalism, particularly in news editing and article selection. I aimed to develop practical skills in identifying newsworthy stories, refining raw information into polished news articles, and improving my communication skills. I also aspired to gain insights into newsroom operations, adapt to a fast-paced environment, and excel in meeting deadlines with precision and professionalism.

The points below represent the expectations I aimed to fulfill during my internship journey at the Daily Ittefaq:

- To refine my news instincts.
- To acquire effective news writing and editing skills.
- To grasp journalism ethics.
- To enhance my communication abilities.
- To comprehend newsroom operations.
- To excel in headline writing.
- To adeptly manage pressure.
- To unfailingly meet deadlines.
- To uphold accuracy and professionalism.

Host Organization

The Daily Ittefaq is a highly esteemed newspaper in Bangladesh's media history. It holds significance as one of the most widely circulated newspapers in the country, following a broadsheet format and printed by Ittefaq Group of Publications Limited.

In the beginning, on December 24, 1953, Maulana Abdul Khan Bhasani and Yar Mohammad Khan, notable figures in Bangladesh Awami League and politics, started The Ittefaq as a weekly publication. They selected Tofazzal Hossain, also recognized as Manik Mia, to serve as its editor. The newspaper gained prominence for its support of the six-point program advocated by Bangabandhu Sheikh Mujibur Rahman in February 1966, becoming a pivotal platform for the aspirations of East Bengal. This led to government censorship, with periods of publication suspension and editor detention.

Despite challenges, The Ittefaq continued its operations, experiencing a resurgence during the mass upsurge of 1969. Following Tofazzal Hossain's passing in June 1969, management passed to his sons, Mainul Hossain, and Anwar Hossain Manju. On June 17, 1975, the government took control of The Ittefaq. However, ownership of the paper returned to the descendants of Manik Mia, Mainul Hossain, and Anwar Hossain Manju on August 24, 1975. Apart from its traditional print version, The Daily Ittefaq extends its reach through digital platforms, offering daily electronic editions and an English edition tailored for younger readers. Additionally, it boasts a multimedia team and an E-paper service, covering a wide array of topics including politics, sports, education, entertainment, and local news. At present, the editor of The Daily Ittefaq is Tasmima Hossain, and the publisher is Tareen Hossain. The total circulation amounts to 290,200 copies.

Logo of the organization:

দৈনিক ইত্তেফাক

Organogram



Figure 1: **Organizational Chart of Ittefaq Digital**

Work Environment

The working environment at this organization is pleasant and welcoming. The office space is spacious, tidy, and well-maintained, providing a comfortable atmosphere for everyone. I particularly enjoyed the peaceful ambiance that prevailed throughout the workplace.

The colleagues I interacted with were kind, approachable, and supportive. However, it's important to mention that everyone appeared to be very busy with their work. As an intern, I found it necessary to proactively communicate with my supervisor to receive assignments.

Additionally, displaying genuine interest and enthusiasm towards my work was crucial for my learning experience.

Without demonstrating passion, I would not have been able to absorb much because there were no specific guidelines provided for interns. In this scenario, learning relies on individuals taking the initiative and actively participating.

Tasks as Intern

The daily routine of a sub-editor follows a consistent pattern. It involves gathering news from emails and other credible sources, editing it, and publishing it. If any information is incomplete, the correspondent is contacted to obtain the necessary details. During my internship, I was entrusted with various tasks and responsibilities, including:

- Monitoring important events through breaking news on television or browsing other newspaper websites to gather information.
- Checking emails regularly to collect news and convert them into Unicode format.
- Editing news obtained from emails and submitting the finalized versions to my supervisor.
- Contact the respective correspondents to fill in any missing information.
- Supporting my supervisor in editing, leveraging my proficient writing skills.
- Vigilantly monitoring various news websites to ensure we did not miss any burning topics.
- Verifying facts and information using reliable sources.
- Working quickly to meet deadlines for timely publication.
- Analyzing and comparing our news coverage angle with other newspapers reporting on the same incident.

PROJECT DETAILS

Project-1

Project Title: Desk Report/National **(প্রস্তুত হচ্ছেন রেলমন্ত্রী)**

Type of Work: Online Desk Report

Assigned Date: January 24, 2024

Published Date: January 24, 2024

Project Details: This was my first task as an intern. My supervisor asked me to read a news article published on a news portal and prepare a new version for the daily Ittefaq. I was incredibly excited and immediately began working on it. I aimed to write the news in the style that Ittefaq typically follows.

My Roles and Responsibilities:

- Revise selected articles to create a new version.
- Ensure that the rewritten news aligns with Ittefaq's editorial style.
- Maintain a high level of accuracy in the rewritten content.
- Work fast to meet deadlines for timely publication.
- Keep striving to improve my writing skills and understanding of Ittefaq's editorial guidelines.

Final Draft:

প্রস্তুত হচ্ছেন রেলমন্ত্রী

রেলমন্ত্রী মো. জিল্লুল হাকিম বলেছেন, রেলকে সামলাতে প্রস্তুত হচ্ছি। মন্ত্রণালয়ে আমি এখনও নতুন। তবে, রেল নিয়ে প্রধানমন্ত্রীর যে স্বপ্ন, তা আমি বাস্তবায়ন করব। বুধবার (২৪ জানুয়ারি) বিকালে চট্টগ্রাম নগরীর রেলওয়ে অফিসার্স রেস্ট হাউসে এক মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি।

তিনি বলেন, কালুরঘাট সেতুর সমীক্ষা শেষ হয়েছে। অর্থায়ন নিয়ে আলোচনা চলছে দক্ষিণ কোরিয়ার অর্থনৈতিক উন্নয়ন সহযোগিতা তহবিলের (ইডিসিএফ) সঙ্গে। আগামী চার-পাঁচ বছরের মধ্যে সেতু নির্মাণ হবে।

রেল নিয়ে নিজের পরিকল্পনার বিষয়ে মন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের রেল ব্যবস্থাকে ঢেলে সাজাচ্ছেন। দেশের সকল জেলাকে রেল-যোগাযোগের আওতায় নিয়ে আসতে কাজ করছে সরকার। কৃষকদের ঘামে উৎপাদিত ফসল যেন ট্রেনের মাধ্যমে শহরে পৌছাতে পারে এবং প্রান্তিক কৃষক ন্যায্য মূল্য পান সে লক্ষ্যে কাজ করছি।

রেল সেবার মান বাড়াতে ৫ হাজারের বেশি জনবল নিয়োগ দেওয়া হয়েছে বলে জানান রেলমন্ত্রী। এ ছাড়াও, দেশের যে সব স্থানে ট্রেন চলাচল বন্ধ রয়েছে, সেগুলো সচল করার পরিকল্পনা রয়েছে।

First Draft:

প্রস্তুত হচ্ছেন রেলমন্ত্রী

রেলকে সামলাতে প্রস্তুত হচ্ছেন রেলমন্ত্রী মো. জিল্লুল হাকিম। দায়িত্বে নতুন হলেও চ্যালেঞ্জ নিতে চান তিনি। বুধবার (২৪ জানুয়ারি) বিকেলে চট্টগ্রাম নগরীর রেলওয়ে অফিসার্স রেস্ট হাউসে এক মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি।

তিনি আরও বলেন, মন্ত্রনালয়ে আমি এখনও নতুন। তবে, রেল নিয়ে প্রধানমন্ত্রীর যে স্বপ্ন, তা আমি বাস্তবায়ন করব।

বোয়ালখালীর জনপদের দীর্ঘদিনের চাওয়া কর্ণফুলীর বুকে নতুন কালুরঘাট সেতু। এ বিষয়ে মন্ত্রীর পরিকল্পনা জানতে চাইলে তিনি বলেন, কালুরঘাট সেতুর সমীক্ষা শেষ হয়েছে। অর্থায়ন নিয়ে আলোচনা চলছে দক্ষিন কোরিয়ার অর্থনৈতিক উন্নয়ন সহযোগিতা তহবিলের (ইডিসিএফ) সাথে। আগামী চার-পাঁচ বছরের মধ্যে সেতু নির্মাণ হবে।

রেল নিয়ে নিজের পরিকল্পনার বিষয়ে মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের রেল ব্যবস্থাকে ঢেলে সাজাচ্ছেন। দেশের সকল জেলাকে রেল-যোগাযোগের আওতায় নিয়ে আসতে কাজ করছে সরকার। কৃষকদের ঘামে উৎপাদিত ফসল যেন ট্রেনের মাধ্যমে শহরে পৌছাতে পারে এবং প্রান্তিক কৃষক ন্যায্য মূল্য পান সে লক্ষ্যে কাজ করছি।

রেলসেবার মান বাড়াতে ৫ হাজারের বেশি জনবল নিয়োগ দেওয়ার কথা জানান রেলমন্ত্রী। এছাড়াও, দেশের যেসব স্থানে ট্রেন চলাচল বন্ধ রয়েছে, সেগুলো সচল করার পরিকল্পনার কথাও জানান তিনি।

Challenges: Since this was my first assignment, I felt nervous. The biggest challenge for me was adjusting to working on a big computer screen. I am used to writing on the mobile screen, which feels more controllable because of its smaller size. Also, learning Ittefaq's editing policy so quickly was not easy.

My Mistakes:

- Did not follow Ittefaq's typical news writing style.
- Most of the newspapers use the word **'সঙ্গে'** but I wrote **'সাথে'**.
- I could not write a perfect lead.
- The tail paragraph of the news lacked clarity and could be misleading.

My Learning:

- Implementing the 5W 1H effectively.
- Creating concise headlines for online news.
- Selecting appropriate words for news articles.
- Understanding Ittefaq's writing and editing policy.
- Learning the process of publishing news on a website.

URL Link: http://www.ittefaq.com.bd/675221

জাতীয়

> জাতীয়

প্রস্তুত হচ্ছেন রেলমন্ত্রী

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ২৪ জানুয়ারি ২০২৪, ২১:৩৫

রেলমন্ত্রী মো. জিল্লুল হাকিম বলেছেন, রেলকে সামলাতে প্রস্তুত হচ্ছি। মন্ত্রণালয়ে আমি এখনও নতুন। তবে, রেল নিয়ে প্রধানমন্ত্রীর যে স্বপ্ন, তা আমি বাস্তবায়ন করব। বুধবার (২৪ জানুয়ারি) বিকালে চট্টগ্রাম নগরীর রেলওয়ে অফিসার্স রেস্ট হাউসে এক মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি।

তিনি বলেন, কালুরঘাট সেতুর সমীক্ষা শেষ হয়েছে। অর্থায়ন নিয়ে আলোচনা চলছে দক্ষিণ কোরিয়ার অর্থনৈতিক উন্নয়ন সহযোগিতা তহবিলের (ইডিসিএফ) সঙ্গে। আগামী চার-পাঁচ বছরের মধ্যে সেতু নির্মাণ হবে।

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

রেল নিয়ে নিজের পরিকল্পনার বিষয়ে মন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের রেল ব্যবস্থাকে ঢেলে সাজাচ্ছেন। দেশের সকল জেলাকে রেল-যোগাযোগের আওতায় নিয়ে আসতে কাজ করছে সরকার। কৃষকদের ঘামে উৎপাদিত ফসল যেন ট্রেনের মাধ্যমে শহরে পৌছাতে পারে এবং প্রান্তিক কৃষক ন্যায্য মূল্য পান সে লক্ষ্যে কাজ করছি।

রেল সেবার মান বাড়াতে ৫ হাজারের বেশি জনবল নিয়োগ দেওয়া হয়েছে বলে জানান রেলমন্ত্রী। এ ছাড়াও, দেশের যে সব স্থানে ট্রেন চলাচল বন্ধ রয়েছে, সেগুলো সচল করার পরিকল্পনা রয়েছে।

ইত্তেফাক/এসএআর/পিও

বিষয়: বাংলাদেশ রেলওয়ে রেলমন্ত্রী

1 comment Sort by Oldest

Figure 1.1: **Published News (URL Screenshot)**

Project-2

Project Title: Desk Report/Politics **(কম সংসদ সদস্য নিয়েও পার্লামেন্ট কাঁপানো যায়: চুন্নু)**

Type of Work: Online Desk Report

Assigned Date: February 18, 2024

Published Date: February 18, 2024

Project Details: On February 18th, Mujibul Haque Chunnu, the General Secretary of the Jatiya Party, submitted nomination papers for their selected candidates for the reserved seats for women in the 12th Parliament to the Election Commission. After this, he addressed the media about the election. I have been assigned to write a report on what he said during his speech.

My Roles and Responsibilities:

- Craft a detailed desk report with accurate information and an engaging headline.
- Include key quotes about the election from his speech.
- Present the news with the best news angle to effectively engage readers.
- Ensure accuracy and integrity, avoiding misinformation.
- Work fast to meet deadlines for timely publication.

Final Draft:

কম সংসদ সদস্য নিয়েও পার্লামেন্ট কাঁপানো যায়: চুন্নু

জাতীয় পার্টির মহাসচিব মজিবুল হক চুন্নু বলেছেন, কম সংখ্যক এমপি নিয়েও পার্লামেন্ট কাঁপানো যায়। রোববার (১৮ ফেব্রুয়ারি) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে দলের সংরক্ষিত নারী আসনের মনোনয়নপত্র জমা দেওয়ার পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন তিনি।

তিনি বলেন, 'আপনি সংখ্যার দিকটা দেখলে, গত পার্লামেন্টে অপজিশনে অনেকেই ছিল, অথচ দিনের পর দিন, মাসের পর মাস, বছরের পর বছর সংসদ বর্জন করেছে। অপজিশন লিডার পাঁচ বছরে মাত্র ১০ দিন পার্লামেন্ট এসেছিলেন। এমন সংখ্যা দিয়ে লাভ কী?'

তিনি আরও বলেন, 'আমরা ১৩ জন যদি অ্যাক্টিভ থাকি, জনগণের পক্ষে কথা বলি, সাহসের সঙ্গে সোচ্চার হয়ে জনগণের মনের কথা বলতে পারি, তবে সংখ্যাটা বড় না হোক, কম সংখ্যা দিয়েও জনগণের পক্ষে কথা বলা যায়! পার্লামেন্ট কাঁপানো যায়।'

সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, 'আপনারা নিশ্চয়ই ইতিহাস জানেন, জাতির পিতা যখন সংসদ নেতা ছিলেন, তখন মরহুম বাবু সুরঞ্জিত সেন গুপ্ত সংসদ কাঁপিয়েছিলেন। আমরা বর্তমানে পার্লামেন্টে যেই ১১ জন আছি, ১ জন ছাড়া অন্যরা কয়েকবার সংসদ সদস্য ছিলেন। পার্লামেন্টে কথা বলার মতো ক্যাপাসিটি আছে এবং আমরা আগেও তা বলেছি। আশা করি, জনগণের কথা বলা, সরকারের ল্যাকিংস ধরিয়ে দেওয়া, সরকারের দুঃশাসন ও দুর্নীতির বিরুদ্ধে উচ্চকণ্ঠে গত পার্লামেন্ট বলেছি, এই পার্লামেন্টে নিশ্চয়ই বলব। এটা আমাদের ওপর জাতি ভরসা রাখতে পারে।'

নির্বাচনে জাপার অংশগ্রহণের বিষয়ে তিনি বলেন, 'জাতীয় পার্টির ইতিহাস নির্বাচন বর্জনের নয়। নির্বাচন ছাড়া পার্লামেন্ট রাজনীতিতে ক্ষমতা অদল-বদলের আর কোনো সুযোগ নেই। বাংলাদেশে নির্বাচন না হলে অগণতান্ত্রিক পদ্ধতি কায়েম হওয়ার সুযোগ ছিল। আমি তো মনে করি-আমরা দেশের মানুষের জন্য গণতান্ত্রিক ধারাবাহিকতা অক্ষুণ্ণ রাখার জন্য নির্বাচনে অংশগ্রহণ করে আমরা সঠিক কাজ করেছি।'

First Draft:

কম সংসদ সদস্য নিয়েও পার্লামেন্ট কাঁপানো যায়: চুন্নু

জাতীয় পার্টির মহাসচিব মজিবুল হক চুন্নু বলেছেন, কম সংখ্যক এমপি নিয়েও পার্লামেন্ট কাঁপানো যায়। রোববার (১৮ ফেব্রুয়ারি) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে দলের সংরক্ষিত নারী আসনের মনোনয়নপত্র জমা দেওয়ার পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন তিনি।

তিনি বলেন, 'আপনি সংখ্যার দিকটা দেখলে, গত পার্লামেন্টে অপজিশনে অনেকেই ছিল, অথচ দিনের পর দিন, মাসের পর মাস, বছরের পর বছর সংসদ বর্জন করেছে। অপজিশন লিডার পাঁচ বছরে মাত্র ১০ দিন পার্লামেন্ট এসেছিলেন। এমন সংখ্যা দিয়ে লাভ কী?'

তিনি আরো বলেন, 'আমরা ১৩ জন যদি অ্যাক্টিভ থাকি, জনগণের পক্ষে কথা বলি, সাহসের সঙ্গে সোচ্চার হয়ে জনগণের মনের কথা বলতে পারি, তবে সংখ্যাটা বড় না হোক, কম সংখ্যা দিয়েও জনগণের পক্ষে কথা বলা যায়! পার্লামেন্ট কাঁপানো যায়।'

সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, 'আপনারা নিশ্চয়ই ইতিহাস জানেন, জাতির পিতা যখন সংসদ নেতা ছিলেন, তখন মরহুম বাবু সুরঞ্জিত সেন গুপ্ত সংসদ কাঁপিয়েছিলেন। আমরা বর্তমানে পার্লামেন্টে যেই ১১ জন আছি, ১ জন ছাড়া অন্যরা কয়েকবার সাংসদ ছিলেন। পার্লামেন্টে কথা বলার মতো ক্যাপাসিটি আছে এবং আমরা আগেও তা বলেছি। আশা করি, জনগণের কথা বলা, সরকারের ল্যাকিংস ধরিয়ে দেওয়া, সরকারের দুঃশাসন ও দুর্নীতির বিরুদ্ধে উচ্চকণ্ঠে গত পার্লামেন্ট বলেছি, এই পার্লামেন্টে নিশ্চয়ই বলব। এটা আমাদের ওপর জাতি ভরসা রাখতে পারে।'

নির্বাচনে জাপার অংশগ্রহণের বিষয়ে তিনি বলেন, 'জাতীয় পার্টির ইতিহাস নির্বাচন বর্জনের নয়। নির্বাচন ছাড়া পার্লামেন্ট রাজনীতিতে ক্ষমতা অদল-বদলের আর কোনো সুযোগ নেই। বাংলাদেশে নির্বাচন না হলে অগণতান্ত্রিক পদ্ধতি কায়েম হওয়ার সুযোগ ছিল। আমি তো মনে করি-আমরা দেশের মানুষের জন্য গণতান্ত্রিক ধারাবাহিকতা অক্ষুণ্ন রাখার জন্য নির্বাচনে অংশগ্রহণ করে আমরা সঠিক কাজ করেছি।'

Challenges: The only challenge was crafting a good headline; everything else went smoothly without much difficulty.

My Mistakes:

- Wrote **‘আরো’** but the appropriate spelling was **‘আরও’**.
- Used the word **‘সাংসদ’** which is forbidden by law.

My Learning:

- Enhanced report writing skills with accurate info, spelling, and catchy headlines.
- Improved quote selection for impactful news articles.
- Improved news presentation techniques for better reader engagement.

URL Link: https://www.ittefaq.com.bd/677957

রাজনীতি

> রাজনীতি

কম সংসদ সদস্য নিয়েও পার্লামেন্ট কাঁপানো যায়: চুন্নু

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ১৮ ফেব্রুয়ারি ২০২৪, ১৪:৩৭

জাতীয় পার্টির মহাসচিব মজিবুল হক চুন্নু বলেছেন, কম সংখ্যক এমপি নিয়েও পার্লামেন্ট কাঁপানো যায়। রোববার (১৮ ফেব্রুয়ারি) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে দলের সংরক্ষিত নারী আসনের মনোনয়নপত্র জমা দেওয়ার পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন তিনি।

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

তিনি বলেন, 'আপনি সংখ্যার দিকটা দেখলে, গত পার্লামেন্টে অপজিশনে অনেকেই ছিল, অথচ দিনের পর দিন, মাসের পর মাস, বছরের পর বছর সংসদ বর্জন করেছে। অপজিশন লিডার পাঁচ বছরে মাত্র ১০ দিন পার্লামেন্ট এসেছিলেন। এমন সংখ্যা দিয়ে লাভ কী?'

তিনি আরও বলেন, 'আমরা ১৩ জন যদি অ্যাক্টিভ থাকি, জনগণের পক্ষে কথা বলি, সাহসের সঙ্গে সোচ্চার হয়ে জনগণের মনের কথা বলতে পারি, তবে সংখ্যাটা বড় না হোক, কম সংখ্যা দিয়েও জনগণের পক্ষে কথা বলা যায়! পার্লামেন্ট কাঁপানো যায়।'

সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, 'আপনারা নিশ্চয়ই ইতিহাস জানেন, জাতির পিতা যখন সংসদ নেতা ছিলেন, তখন মরহুম বাবু সুরঞ্জিত সেন গুপ্ত সংসদ কাঁপিয়েছিলেন। আমরা বর্তমানে পার্লামেন্টে যেই ১১ জন আছি, ১ জন ছাড়া অন্যরা কয়েকবার সংসদ সদস্য ছিলেন। পার্লামেন্টে কথা বলার মতো ক্যাপাসিটি আছে এবং আমরা আগেও তা বলেছি। আশা করি, জনগণের কথা বলা, সরকারের ল্যাকিংস ধরিয়ে দেওয়া, সরকারের দুঃশাসন ও দুর্নীতির বিরুদ্ধে উচ্চকণ্ঠে গত পার্লামেন্ট বলেছি, এই পার্লামেন্টে নিশ্চয়ই বলব। এটা আমাদের ওপর জাতি ভরসা রাখতে পারে।'

নির্বাচনে জাপার অংশগ্রহণের বিষয়ে তিনি বলেন, 'জাতীয় পার্টির ইতিহাস নির্বাচন বর্জনের নয়। নির্বাচন ছাড়া পার্লামেন্ট রাজনীতিতে ক্ষমতা অদল-বদলের আর কোনো সুযোগ নেই। বাংলাদেশে নির্বাচন না হলে অগণতান্ত্রিক পদ্ধতি কায়েম হওয়ার সুযোগ ছিল। আমি তো মনে করি-আমরা দেশের মানুষের জন্য গণতান্ত্রিক ধারাবাহিকতা অক্ষুণ্ণ রাখার জন্য নির্বাচনে অংশগ্রহণ করে আমরা সঠিক কাজ করেছি।'

ইত্তেফাক/এসএআর/পিও

বিষয়: রাজনীতি জাতীয় পার্টি

Figure 2.1: **Published News (URL Screenshot)**

Project-3

Project Title: Central Desk/Saradesh **(তমব্রু সীমান্তে আবারও গোলাগুলি, ঘরের চালে পড়ল মর্টার শেল)**

Type of Work: Online Report

Assigned Date: February 04, 2024

Published Date: February 04, 2024

Project Details: The border between Bangladesh and Myanmar became turbulent due to the ongoing conflict between the Myanmar military and rebels. The media covered the issue regularly. Our correspondent from Cox's Bazar and Teknaf sent a news report about the border situation, and the editing was assigned to me. On February 4th morning, this was featured as the lead news in the daily Ittefaq.

My Roles and Responsibilities:

- Edit the news report provided by the correspondent regarding the unstable border situation between Bangladesh and Myanmar.
- Ensure the accuracy and clarity of the edited news report.
- Coordinate with the correspondent to gather any additional information or clarifications needed
- Check the report for clarity and accuracy before publishing.

Final Draft:

তমব্রু সীমান্তে আবারও গোলাগুলি, ঘরের চালে পড়ল মর্টার শেল

মিয়ানমারের অভ্যন্তরে শনিবার বিকাল থেকে আবারও শুরু হয়েছে গোলাগুলি। রোববার (৪ ফেব্রুয়ারি) সকালে এ রিপোর্ট লেখা পর্যন্ত নাইক্ষ্যংছড়ির তমব্রু, উখিয়ার পালংখালী এবং টেকনাফের হোয়াইক্যংয়ের বিভিন্ন পয়েন্ট থেকে প্রচণ্ড গোলাগুলির শব্দ শোনা যায়। ওপারে রাতভর চলা গোলাগুলিতে আতঙ্কিত হয়ে পড়ে সীমান্ত এলাকার মানুষ।

শনিবার বিকাল থেকে রোববার সকাল পর্যন্ত মিয়ানমারের ছোঁড়া দুটি মর্টার শেল ও একাধিক গুলি এসে পড়েছে তমব্রু সীমান্তের কোনারপাড়ায়। তবে কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। এ পরিস্থিতিতে আতঙ্কে গ্রাম ছেড়েছে অনেকে। চলমান সংঘর্ষ ও উত্তেজনায় সর্বোচ্চ সতর্ক অবস্থান রয়েছে বলে জানায় বিজিবি।

ধুমধুম ইউনিয়ন পরিষদের ৩ নম্বর ওয়ার্ড মেম্বার মো. আলম বলেন, শনিবার সন্ধ্যা থেকে যে পরিমাণ গোলাগুলির শব্দ শোনা গেছে আগে তেমনটা শোনা যায়নি। এমন পরিস্থিতিতে ঘর থেকে বের ভয় পাচ্ছে সাধারণ মানুষ। রোববার সকালে তমব্রুর কোনারপাড়ার ইলিয়াস হোসেনের বসতঘরের টিনে পড়েছে মর্টার শেল। তবে কেউ হতাহত হয়নি।

আশরাফুল ইসলাম তুহিন নামে স্থানীয় এক যুবক বলেন, আমাদের ২ নম্বর ওয়ার্ড মেম্বার শফিকুল ইসলামের উঠানে একটি মর্টার শেল এসে পড়ছে। ওপারে এখনও সংঘর্ষ চলছে। আমরা ভয়ে বাড়িঘর থেকে বের হতে পারতেছি না। কোনাপাড়া ও পশ্চিমপাড়ার অনেক লোকজন বাড়িঘর ছেড়ে চলে গেছে।

তথ্য মতে, দীর্ঘদিন মিয়ানমারের অভ্যন্তরে জান্তা বাহিনী ও বিদ্রোহীদের মধ্যে থেমে থেমে যুদ্ধ চলছে। এই যুদ্ধে ব্যবহৃত গোলা ও মর্টার শেল এসে পড়ছে নাইক্ষ্যংছড়ির তমব্রু সীমান্তের লোকালয়ে। এর আগেও মর্টার শেল ও গুলি এসে পড়েছে এই এলাকায়।

ঘুমধুম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর আজিজ বলেন, মিয়ানমারে এখনো প্রচণ্ড গোলাগুলির শব্দ পাচ্ছি আমরা। এবার গোলাগুলির শব্দ বেশি হওয়ায় সীমান্তের বাংলাদেশিদের সতর্ক থাকতে বলা হয়েছে।

এদিকে উখিয়া এবং টেকনাফ সীমান্তে রাতে থেমে থেমে গুলির শব্দ শোনা গেলেও সকাল ৯টার দিকে প্রচণ্ড গোলাগুলির শব্দ শুনতে পায় স্থানীয়রা।

স্থানীয় টেকনাফ হোয়াইক্যংয়ের বাসিন্দা ও গণমাধ্যমকর্মী জাহাঙ্গীর আলম বলেন, রাতে থেমে-থেমে গুলির শব্দ শোনা গেলেও সকাল নয়টার দিকে ব্যাপক গুলির শব্দ ভেসে আসে। ফলে সীমান্ত এলাকায় আবারও আতঙ্ক দেখা দিয়েছে।

পালংখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এম গফুর উদ্দিন চৌধুরী বলেন, আমাদের সীমান্তে থেমে থেমে গুলির শব্দ শোনা যাচ্ছে। তবে বরাবরের মতো রোহিঙ্গা এবং বিদ্রোহীরা যেন আমার দেশে অনুপ্রবেশ করতে না পারে।

বরাবরের মতোই সীমান্তে কঠোর অবস্থানের কথা জানিয়েছেন ৩৪ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ সাইফুল ইসলাম চৌধুরী। তিনি বলেন, রোহিঙ্গাদের সম্ভাব্য অনুপ্রবেশ ঘিরে সতর্ক অবস্থানে আছে বিজিবি। সীমান্ত এলাকায় নজরদারি বাড়ানো হয়েছে। একজন রোহিঙ্গাকেও আর প্রবেশ করতে দেওয়া হবে না।

First Draft:

মিয়ানমারে আবারও গোলাগুলি: মর্টার শেল ও গুলি পড়ল তমব্রু সীমান্তে

মিয়ানমারের অভ্যন্তরে শনিবার বিকেল থেকে আবারও শুরু হয়েছে গোলাগুলি। রবিবার সকালে এ রিপোর্ট লেখা পর্যন্ত নাইক্ষ্যংছড়ির তমব্রু, উখিয়ার পালংখালী এবং টেকনাফের হোয়াইক্যং-এর বিভিন্ন পয়েন্ট থেকে প্রচণ্ড গোলাগুলির শব্দ শোনা যায়। সীমান্তের ওপারে রাতভর চলা গোলাগুলিতে আতংকিত হয়ে পড়ে সীমান্ত এলাকার মানুষ।

শনিবার থেকে রবিবার সকাল পর্যন্ত মিয়ানমারের ছোঁড়া দুটি মর্টার শেল ও একাধিক গুলি এসে পড়েছে তুমব্রু সীমান্তের কোনার পাড়ায়। তবে হতাহতের খবর পাওয়া যায়নি। এ পরিস্থিতিতে আতংকে গ্রাম ছেড়েছে অনেকে। যদিও সীমান্তের ওপারে চলমান সংঘর্ষ ও উত্তেজনায় বিজিবির পক্ষ থেকে সর্বচ্চ সতর্ক অবস্থানে রয়েছে বলে জানানো হয়।

ধুমধুম ইউনিয়ন পরিষদের ৩ নম্বর ওয়ার্ডের মেম্বার মো. আলম বলেন, শনিবার সন্ধ্যা থেকে যে পরিমাণ গোলাগুলির শব্দ শোনা গেছে আগে তেমনটা শোনা যায়নি। এমন পরিস্থিতিতে ঘর থেকে বের ভয় পাচ্ছে সাধারণ মানুষ। শনিবার দিবাগত রাত ও রবিবার সকালে তমব্রুর কোনারপাড়ার ইলিয়াস হোসেনের বসতঘরের টিনে পড়েছে। তবে কেউ হতাহত হয়নি।

আশরাফুল ইসলাম তুহিন নামে স্থানীয় এক যুবক বলেন, আমাদের ২ নং ওয়ার্ড ইউপি সদস্য শফিকুল ইসলামের উঠানে একটি মর্টার শেল এসে পড়ছে। এছাড়া আশপাশে আরও বেশ কিছু গুলি এসে পড়ে এলাকায়। ওপারে এখনও সংঘর্ষ চলছে। আমরা ভয়ে বাড়িঘর থেকে বের হতে পারতেছি না। কোনাপাড়া ও পশ্চিম পাড়া অনেক লোকজন সেখান থেকে বাড়িঘর ছেড়ে চলে গেছে।

তথ্যমতে, দীর্ঘদিন ধরে সীমান্তের ওপারে মিয়ানমারের অভ্যন্তরে জান্তা বাহিনী ও বিদ্রোহীদের মধ্যে থেমে থেমে যুদ্ধ চলছে। এই যুদ্ধে ব্যবহৃত গোলা ও মর্টার শেল নাইক্ষ্যংছড়ির তমব্রু সীমান্তের লোকালয়ে এসে পড়ছে। এর আগেও মর্টার শেল ও গুলি এসে পড়েছে এই এলাকায়। এছাড়া টেকনাফের উলুবনিয়ায় মর্টার শেল এবং উখিয়ার পালংখালীর বটতলী এলাকায় গোলার ভাঙা অংশ এসে পড়ে।

এর আগেও মর্টার শেল ও গোলার অন্তত চারটি অংশ নাইক্ষ্যংছড়ির তমব্রু, কোনারপাড়া ও পশ্চিম ঘুমধুমে এসে পড়ে। বান্দরবান জেলা প্রশাসক শাহ মোজাহিদ উদ্দিন ও পুলিশ সুপার সৈকত শাহিন ঘুমধুম সীমান্ত পরিদর্শন করেন।

ঘুমধুম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর আজিজ বলেন, মিয়ানমারে এখনো প্রচণ্ড গোলাগুলির শব্দ পাচ্ছি আমরা। এবার গোলাগুলির শব্দের তীব্রতা বেশি হওয়ায় সীমান্তবর্তী বাংলাদেশের মানুষকে সতর্ক থাকতে বলা হয়েছে।

এদিকে উখিয়া এবং টেকনাফ সীমান্তে রাতে থেমে থেমে গুলির শব্দ শোনা গেলেও সকাল নয়টার দিকে প্রচণ্ড গোলাগুলির শব্দ শোনতে পায় স্থানীয়রা।

স্থানীয় টেকনাফ হোয়াইক্যং এর বাসিন্দা ও গণমাধ্যম কর্মী জাহাঙ্গীর আলম বলেন, রাতে থেমে-থেমে গুলির শব্দ শোনা গেলেও সকাল নয়টার দিকে ব্যাপক গুলির শব্দ ভেসে আসে। ফলে সীমান্ত এলাকায় আবারো আতংক দেখা দিয়েছে।

পালংখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এম গফুর উদ্দিন চৌধুরী বলেন, আমাদের সীমান্তে থেমে-থেমে গুলির শব্দ শোনা যাচ্ছে। তবে বরাবরের মতো রোহিঙ্গা এবং বিদ্রোহীরা যেন আমার দেশে অনুপ্রবেশ করতে না পারে।

বরাবরের মতোই সীমান্তে কঠোর অবস্থানের কথা জানিয়েছেন ৩৪ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ সাইফুল ইসলাম চৌধুরী।

তিনি বলেন, রোহিঙ্গাদের সম্ভাব্য অনুপ্রবেশ ঘিরে সতর্ক অবস্থানে আছে বিজিবি। সীমান্ত এলাকায় নজরদারি বাড়ানো হয়েছে। একজন রোহিঙ্গাকেও আর প্রবেশ করতে দেওয়া হবে না বলে জানান তিনি।

Correspondent's Copy:

মিয়ানমারের ওপারে আবারও গোলাগুলি;মর্টার শেল ও গুলি এসে পড়েছে তমব্রæ সীমান্তে

মিয়ানমারের অভ্যন্তরে শনিবার বিকেল থেকে আবারো শুরু হয়েছে গোলাগুলি। রবিবার সকালে এ রিপোর্ট লেখা সময় পর্যন্ত নাইক্ষ্যংছড়ির তুমব্রæ এবং উখিয়ার পালংখালী ও টেকনাফের হোয়াইক্যং এর বিভিন্ন পয়েন্ট দিয়ে প্রচন্ড গোলাগুলি শব্দ ভেসে আসে। সীমান্তের ওপারের রাতভর চলা গোলাগুলিতে আতংকিত হয়ে পড়ে সীমান্ত এলাকার মানুষ।

শনিবার থেকে রবিবার সকাল পর্যন্ত মিয়ানমারের ছোঁড়া দুটি মর্টার শেল ও একাধিক গুলি এসে পড়েছে তুমব্রæ সীমান্তের কোনার পাড়ায়। তবে হতাহতের খবর পাওয়া যায়নি। এ পরিস্থিতিতে আতংকে গ্রাম ছেড়েছে অনেকে। যদিও সীমান্তের ওপারে চলমান সংঘর্ষ ও উত্তেজনায় বিজিবির পক্ষ থেকে সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে বলে জানানো হয়।

ধুমধুম ইউনিয়ন পরিষদের ৩ নম্বর ওয়ার্ডের মেম্বার মো. আলম বলেন, শনিবার সন্ধ্যা থেকে যে পরিমাণ গোলাগুলির শব্দ শোনা গেছে আগে তেমনটা শোনা যায়নি। তিব্র গোলাগুলির শব্দে আতংকিত অনেক বাসিন্দা ইতিমধ্যে অনেকে গ্রাম ছেড়েছেন। এমন পরিস্থিতিতে ঘর থেকে বের ভয় পাচ্ছে সাধারণ মানুষ। তিনি বলেন, শনিবার দিবাগত রাত ও রবিবার সকালে তুমব্রæ কোনারপাড়ার ইলিয়াস হোসেনের বসতঘরের টিনে পড়েছে। তবে কেউ হতাহত হয়নি।

আশরাফুল ইসলাম তুহিন নামে স্থানীয় এক যুবক বলেন, আমাদের ২ নং ওয়ার্ড ইউপি সদস্য শফিকুল ইসলামের উঠানে একটি মর্টাল শেল এসে পড়ছে। এছাড়া আশাপাশে আরো বেশ কিছু গুলি এসে পড়ে এলাকায়। ওপারে এখনো সংঘর্ষ চলছে। আমরা ভয়ে বাড়িঘর থেকে বের হতে পারতেছিনা। কোনাপাড়া ও পশ্চিম পাড়া অনেক লোকজন সেখান থেকে বাড়িঘর ছেড়ে চলে গেছে।

তথ্য মতে, দীর্ঘদিন ধরে সীমান্তের ওপারে মিয়ানমারের অভ্যন্তরে জান্তা বাহিনী ও বিদ্রোহীদের মধ্যে থেমে থেমে সশস্ত্র যুদ্ধ চলছে। তাদের প্রত্যক্ষ যুদ্ধে গুলির শব্দ ও বিভিন্ন সময় ছুড়ে দেওয়া গোলা ও মর্টার শেল নাইক্ষ্যংছড়ির তুমব্রæ সীমান্তের লোকালয়ে এসে পড়ছে। এরআগেও মর্টার শেল ও গুলি এসে পড়ে এ এলাকায়। এছাড়া টেকনাফের উলুবনিয়া মর্টার শেল এবং উখিয়ার পালংখালীর বটতলী এলাকায়ও গোলার ভাঙ্গা অংশ এসে পড়ে। এর আগেও মর্টারশেল ও গোলার অন্তত চারটি অংশ নাইক্ষ্যংছড়ির তুমব্রæ,

কোণারপাড়া ও পশ্চিম ঘুমধুমে এসে পড়ে। এরপর বান্দরবান জেলা প্রশাসক শাহ মোজাহিদ উদ্দিন ও পুলিশ সুপার সৈকত শাহিন ঘুমধুম সীমান্ত পরিদর্শন করেন।

ঘুমধুম ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যান জাহাঙ্গীর আজিজ বলেন, মিয়ানমারে এখনো প্রচন্ড গোলাগুলির শব্দ পাচ্ছি আমরা। এবার গোলাগুলির শব্দের তীব্রতা বেশি হওয়ায় সীমান্তবর্তী বাংলাদেশের মানুষকে সতর্ক থাকতে বলা হয়েছে।

এদিকে উখিয়া এবং টেকনাফ সীমান্তে রাতে থেমে থেমে গুলির শব্দ শোনা গেলেও সকাল নয়টার দিকে প্রচন্ড গোলাগুলির শব্দ শোনতে পায় স্থানীয়রা।

স্থানীয় টেকনাফ হোয়াইক্যং এর বাসিন্দা ও গণমাধ্যমকর্মী জাহাঙ্গীর আলম বলেন, রাতে থেমে থেমে গুলির শব্দ শোনা গেলেও সকাল নয়টার দিকে ব্যাপক গুলির শব্দ ভেসে আসে। ফলে সীমান্ত এলাকায় আবারো আতংক দেখা দিয়েছে।
পালংখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এম গফুর উদ্দিন চৌধুরী বলেন, আমাদের সীমান্তে থেমে থেমে গুলির শব্দ শোনা যাচ্ছে। তবে বরাবরের মতো আশঙ্কার কথা রোহিঙ্গা এবং বিদ্রোহীরা যেন আমার দেশে অনুপ্রবেশ করতে না পারে।

বরাবরের মতো সীমান্তে কঠোর অবস্থানের কথা জানিয়েছেন ৩৪ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ সাইফুল ইসলাম চৌধুরী।

তিনি বলেন, রোহিঙ্গাদের সম্ভাব্য অনুপ্রবেশ ঘিরে সতর্ক অবস্থানে আছে বিজিবি। সীমান্ত এলাকায় নজরদারি বাড়ানো হয়েছে। একজন রোহিঙ্গাকেও আর প্রবেশ করতে দেওয়া হবে না বলে জানান তিনি।

ওয়াহিদুর রহমান রুবেল, কক্সবাজার ০১৯১২৩৮২১৫০##

Challenges: The size of the news was significant. Moreover, removing unnecessary information proved to be challenging for me. Additionally, the news was important and sensitive. I had never edited such a large news piece before this one. Besides, there were numerous spelling mistakes and unclear sentences. It was hard for me to edit this one.

My Mistakes:

- The headline I created was neither perfect nor catchy.
- Ittefaq writes '**রোববার**' while I wrote '**রবিবার**'.
- Created redundancy in the lead.
- Included too much unnecessary information.
- The quotations could have been more specific.

My Learning:

- Enhanced headline writing skills.
- Developed wording proficiency.
- Learned to write clear leads, avoiding repetition.
- Learned to exclude unnecessary information.
- Improved spelling and quoting skills.

URL Link: https://www.ittefaq.com.bd/676313

সারাদেশ

> সারাদেশ

তমব্রু সীমান্তে আবারও গোলাগুলি, ঘরের চালে পড়ল মর্টার শেল

কক্সবাজার প্রতিনিধি ও টেকনাফ সংবাদদাতা

প্রকাশ : ০৪ ফেব্রুয়ারি ২০২৪, ১১:৫২

মিয়ানমারের অভ্যন্তরে শনিবার বিকাল থেকে আবারও শুরু হয়েছে গোলাগুলি। রোববার (৪ ফেব্রুয়ারি) সকালে এ রিপোর্ট লেখা পর্যন্ত নাইক্ষ্যংছড়ির তমব্রু, উখিয়ার পালংখালী এবং টেকনাফের হোয়াইক্যংয়ের বিভিন্ন পয়েন্ট থেকে প্রচণ্ড গোলাগুলির শব্দ শোনা যায়। ওপারে রাতভর চলা গোলাগুলিতে আতঙ্কিত হয়ে পড়ে সীমান্ত এলাকার মানুষ।

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

শনিবার বিকাল থেকে রোববার সকাল পর্যন্ত মিয়ানমারের ছোঁড়া দুটি মর্টার শেল ও একাধিক গুলি এসে পড়েছে তমব্রু সীমান্তের কোনারপাড়ায়। তবে কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। এ পরিস্থিতিতে আতঙ্কে গ্রাম ছেড়েছে অনেকে। চলমান সংঘর্ষ ও উত্তেজনায় সর্বোচ্চ সতর্ক অবস্থান রয়েছে বলে জানায় বিজিবি।

ধুমধুম ইউনিয়ন পরিষদের ৩ নম্বর ওয়ার্ড মেম্বার মো. আলম বলেন, শনিবার সন্ধ্যা থেকে যে পরিমাণ গোলাগুলির শব্দ শোনা গেছে আগে তেমনটা শোনা যায়নি। এমন পরিস্থিতিতে ঘর থেকে বের ভয় পাচ্ছে সাধারণ মানুষ। রোববার সকালে তমব্রুর কোনারপাড়ার ইলিয়াস হোসেনের বসতঘরের টিনে পড়েছে মর্টার শেল। তবে কেউ হতাহত হয়নি।

আশরাফুল ইসলাম তুহিন নামে স্থানীয় এক যুবক বলেন, আমাদের ২ নম্বর ওয়ার্ড মেম্বার শফিকুল ইসলামের উঠানে একটি মর্টার শেল এসে পড়ছে। ওপারে এখনও সংঘর্ষ চলছে। আমরা ভয়ে বাড়িঘর থেকে বের হতে পারতেছি না। কোনাপাড়া ও পশ্চিমপাড়ার অনেক লোকজন বাড়িঘর ছেড়ে চলে গেছে।

তথ্য মতে, দীর্ঘদিন মিয়ানমারের অভ্যন্তরে জান্তা বাহিনী ও বিদ্রোহীদের মধ্যে থেমে থেমে যুদ্ধ চলছে। এই যুদ্ধে ব্যবহৃত গোলা ও মর্টার শেল এসে পড়ছে নাইক্ষ্যংছড়ির তমব্রু সীমান্তের লোকালয়ে। এর আগেও মর্টার শেল ও গুলি এসে পড়েছে এই এলাকায়।

ঘুমধুম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর আজিজ বলেন, মিয়ানমারে এখনো প্রচণ্ড গোলাগুলির শব্দ পাচ্ছি আমরা। এবার গোলাগুলির শব্দ বেশি হওয়ায় সীমান্তের বাংলাদেশিদের সতর্ক থাকতে বলা হয়েছে।

এদিকে উখিয়া এবং টেকনাফ সীমান্তে রাতে থেমে থেমে গুলির শব্দ শোনা গেলেও সকাল ৯টার দিকে প্রচণ্ড গোলাগুলির শব্দ শুনতে পায় স্থানীয়রা।

স্থানীয় টেকনাফ হোয়াইক্যংয়ের বাসিন্দা ও গণমাধ্যমকর্মী জাহাঙ্গীর আলম বলেন, রাতে থেমে-থেমে গুলির শব্দ শোনা গেলেও সকাল নয়টার দিকে ব্যাপক গুলির শব্দ ভেসে আসে। ফলে সীমান্ত এলাকায় আবারও আতঙ্ক দেখা দিয়েছে।

পালংখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এম গফুর উদ্দিন চৌধুরী বলেন, আমাদের সীমান্তে থেমে থেমে গুলির শব্দ শোনা যাচ্ছে। তবে বরাবরের মতো রোহিঙ্গা এবং বিদ্রোহীরা যেন আমার দেশে অনুপ্রবেশ করতে না পারে।

বরাবরের মতোই সীমান্তে কঠোর অবস্থানের কথা জানিয়েছেন ৩৪ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ সাইফুল ইসলাম চৌধুরী। তিনি বলেন, রোহিঙ্গাদের সম্ভাব্য অনুপ্রবেশ ঘিরে সতর্ক অবস্থানে আছে বিজিবি। সীমান্ত এলাকায় নজরদারি বাড়ানো হয়েছে। একজন রোহিঙ্গাকেও আর প্রবেশ করতে দেওয়া হবে না।

ইত্তেফাক/এসএআর/পিও

বিষয়: কক্সবাজার | গোলাগুলি | মিয়ানমার | টেকনাফ

Figure 3.1: **Published News (URL Screenshot)**

Project-4

Project Title: Central Desk/Saradesh **(ভাইয়ের খোঁজে থানায় গিয়ে মারধরের শিকার, এসআই প্রত্যাহার)**

Type of Work: Online Report

Assigned Date: March 02, 2024

Published Date: March 02, 2024

Project Details: The Senbag correspondent sent an email with a noteworthy story. As a result, my supervisor assigned me the task of editing and preparing it for publication, ensuring it met all the standards and requirements of our platform.

My Roles and Responsibilities:

- Edit content to enhance clarity, coherence, and accuracy.
- Thoroughly review for grammatical errors, spelling mistakes, and typos to maintain editorial quality.
- Verify the information presented in the story to maintain credibility.
- Work fast to meet deadlines for timely publication.
- Format the story in line with the platform's style guide, aiming for visual appeal to readers.

Final Draft:

ভাইয়ের খোঁজে থানায় গিয়ে মারধরের শিকার, এসআই প্রত্যাহার

ভাইয়ের খোঁজ নিতে আসা এক তরুণকে থানায় আটকে রেখে মারধর ও নির্যাতনের অভিযোগে সেনবাগ থানার উপ-পরিদর্শক (এসআই) সঞ্জয় সিকদারকে প্রত্যাহার করা হয়েছে।

বৃহস্পতিবার (২৯ ফেব্রুয়ারি) রাতে অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মোহাম্মদ ইব্রাহিম স্বাক্ষরিত এক আদেশে তাকে প্রত্যাহার করে জেলা পুলিশ লাইনে সংযুক্ত করা হয়। আলাদা আরেকটি আদেশে ঘটনার তদন্তে তিন সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে।

মারধরের শিকার ওই তরুণের নাম আবদুল্লাহ আল-নোমান (২২)। তিনি সেনবাগ বাজারের একটি দোকানের কর্মচারী। আহত অবস্থায় বৃহস্পতিবার (২৯ ফেব্রুয়ারি) দুপুরে তাকে সেনবাগ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। সেখানে অবস্থার উন্নতি না হওয়ায় নোয়াখালীর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে সার্জারি বিভাগে তার চিকিৎসা চলছে।

জানা গেছে, বৃহস্পতিবার দুপুরে বড়ভাই শাহাদাত হোসেনকে বাড়ির পাশ থেকে ধরে নিয়ে যায় পুলিশ। এ ঘটনায় থানায় গিয়ে উপ-পরিদর্শক সঞ্জয় সিকদারের কাছে শাহাদাতকে আটকের কারণ জানতে চায় নোমান। এ সময় তাদের মধ্যে কথা-কাটাকাটি হয়। একপর্যায়ে নোমানকে থানার একটি কক্ষে নিয়ে দরজা বন্ধ করে বেধড়ক পেটায় ওই উপ-পরিদর্শক। এতে অসুস্থ হয়ে পড়লে তাকে সেনবাগ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়।

সেনবাগ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক নাঈম উদ্দিন ভূঁইয়া বলেন, বৃহস্পতিবার দুপুরে সাদা পোশাকের এক পুলিশ সদস্য নোমানকে হাসপাতালে ভর্তি করেন। তার বুকে ও পিঠে জখম ছিল, সে শ্বাসকষ্টে ভুগছিল। উন্নত চিকিৎসার জন্য তাকে নোয়াখালী জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়ার পরামর্শ দেওয়া হয়।

অভিযোগের বিষয়ে জানতে চাইলে উপ-পরিদর্শক সঞ্জয় সিকদার বলেন, শাহাদাত হোসেনকে গাঁজাসহ আটক করা হয়েছে। তাকে থানায় আনার পর তার আত্মীয়স্বজনের সঙ্গে সামান্য ঝামেলা হয়েছে। নোমান নামে কাউকে তিনি চেনেন না। নোমানকে কারা হাসপাতালে ভর্তি করেছেন, সেটিও তিনি জানেন না।

জেলা পুলিশ সুপার মোহাম্মদ আসাদুজ্জামান জানান, এ ঘটনায় থানার ওসি দায়িত্ব পালনে কোনো গাফিলতি ছিল কি না সেটিও খতিয়ে দেখা হবে। তদন্তে অভিযুক্ত পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ প্রমাণ হলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

First Draft:

ভাইয়ের খোঁজে থানায় গিয়ে মারধরের শিকার, এসআই প্রত্যাহার

ভাইয়ের খোঁজ নিতে আসা এক তরুণকে থানায় আটকে রেখে মারধর ও নির্যাতনের অভিযোগে সেনবাগ থানার উপ-পরিদর্শক (এসআই) সঞ্জয় সিকদারকে প্রত্যাহার করা হয়েছে। বৃহস্পতিবার (২৯ ফেব্রুয়ারি) রাতে অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মোহাম্মদ ইব্রাহিম স্বাক্ষরিত এক আদেশে তাঁকে প্রত্যাহার করে জেলা পুলিশ লাইনে সংযুক্ত করা হয়। পৃথক আরেকটি আদেশে ঘটনার তদন্তে তিন সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে।

মারধরের শিকার ওই তরুণের নাম আবদুল্লাহ আল-নোমান (২২) । তিনি সেনবাগ বাজারের একটি দোকানের কর্মচারী। আহত অবস্থায় বৃহস্পতিবার (২৯ ফেব্রুয়ারি) দুপুরে তাকে সেনবাগ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। সেখানে অবস্থার উন্নতি না হওয়ায় নোয়াখালীর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে সার্জারি বিভাগে তার চিকিৎসা চলছে।

জানা গেছে, বৃহস্পতিবার দুপুরে বড়ভাই শাহাদাত হোসেনকে বাড়ির পাশ থেকে বিনা কারণে ধরে নিয়ে যায় পুলিশ। এ ঘটনায় থানায় গিয়ে উপ-পরিদর্শক সঞ্জয় সিকদারের কাছে শাহাদাতকে আটকের কারণ জানতে চায় নোমান। এ সময় তাদের মধ্যে কথা-কাটাকাটি হয়। একপর্যায়ে নোমানকে থানার একটি কক্ষে নিয়ে গিয়ে দরজা বন্ধ করে বেধড়ক পেটান ওই উপ-পরিদর্শক। এতে অসুস্থ হয়ে পড়লে তাকে সেনবাগ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়।

সেনবাগ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক নাঈম উদ্দিন ভূঁইয়া বলেন, বৃহস্পতিবার দুপুরে সাদা পোশাকের এক পুলিশ সদস্য নোমানকে হাসপাতালে ভর্তি করেন। তার বুকে ও পিঠে জখম ছিল, সে শ্বাসকষ্টে ভুগছিল। উন্নত চিকিৎসার জন্য তাকে নোয়াখালী জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়ার পরামর্শ দেওয়া হয়।

নোমানের এক আত্মীয় বলেন, শাহাদাতকে ছেড়ে দেওয়ার নামে এক রাজনৈতিক নেতার মাধ্যমে পাঁচ হাজার টাকাও নিয়েছেন সঞ্জয় সিকদার। এরপরও শাহাদাতকে ছেড়ে না দিয়ে একটি সাদা কাগজে স্বাক্ষরের জন্য তাদের দেন সঞ্জয়। তবে তারা ওই কাগজে স্বাক্ষর করেননি।

অভিযোগের বিষয়ে জানতে চাইলে উপ-পরিদর্শক সঞ্জয় সিকদার বলেন, শাহাদাত হোসেনকে গাঁজাসহ আটক করা হয়েছে। তাঁকে থানায় আনার পর তার আত্মীয়স্বজনের সঙ্গে সামান্য ঝামেলা হয়েছে। নোমান নামে কাউকে তিনি চেনেন না। নোমানকে কারা হাসপাতালে ভর্তি করেছেন, সেটিও তিনি জানেন না।

জেলা পুলিশ সুপার মোহাম্মদ আসাদুজ্জামান জানান, এ ঘটনায় থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার (ওসি) দায়িত্ব পালনে কোন গাফিলতি ছিল কি না সেটিও খতিয়ে দেখা হবে। তদন্তে অভিযুক্ত পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হলে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও জানান তিনি।

Correspondent's Copy:

সেনবাগ থানায় আটক ভাইকে দেখতে গিয়ে নির্যাতনের শিকার ছোট ভাই, এসআইকে প্রত্যাহার

নোয়াখালীর সেনবাগ থানায় আটকে রেখে এক তরুণকে বেধড়ক মারধর ও নির্যাতনের অভিযোগে অভিযুক্ত উপপরিদর্শক (এসআই) সঞ্জয় সিকদারকে থানা থেকে প্রত্যাহার করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার রাতে জেলা পুলিশ সুপারের সাময়িক দায়িত্বে থাকা অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম ও অপস্) মোহাম্মদ ইব্রাহিম স্বাক্ষরিত এক আদেশে তাঁকে প্রত্যাহার করে জেলা পুলিশ লাইনে সংযুক্ত করা হয়।

এ ছাড়া পৃথক আরেকটি আদেশে তরুণকে নির্যাতনের ঘটনা তদন্তে তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠণ করা হয়েছে। কমিটির প্রধান করা হয়েছে বেগমগঞ্জ সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার নাজমুল হাসান রাজিবকে। কমিটির অপর দুই সদস্য হলেন সেনবাগ থানার পরিদর্শক (তদন্ত) হেলাল উদ্দিন ও সদর সার্কেল কার্যালয়ের পরিদর্শক আবু শাহেদ খান। কমিটিকে আগামি তিন কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে। কমিটির সদস্যরা এরই মধ্যে তাদের কাজ শুরু করেছেন বলে জানা গেছে।

গতকাল বৃহস্পতিবার দিবাগত রাত সোয়া বারোটার দিকে পুলিশ সপ্তাহ উপলক্ষে ঢাকায় অবস্থানকারী জেলা পুলিশ সুপার মোহাম্মদ আসাদুজ্জামান ঢাকা থেকে মুঠোফোনে এসব পদক্ষেপ গ্রহণের বিষয়ে নিশ্চিত করেছেন। তিনি বলেন, এ ঘটনায় থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) দায়িত্ব পালনে কোন গাফিলতি ছিল কি না সেটিও খতিয়ে দেখা হবে। তদন্তে অভিযুক্ত পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হলে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও জানান পুলিশ সুপার।

মারধর ও নির্যাতনের শিকার ওই তরুণের নাম আবদুল্লাহ আল-নোমান (২২) । তিনি সেনবাগ বাজারের একটি দোকানের কর্মচারী। আহত অবস্থায় থানা থেকে সাদা পোশাকের একজন পুলিশ সদস্যসহ তাঁকে বৃহস্পতিবার দুপুরে সেনবাগ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। সেখানে তাঁর অবস্থার কোন উন্নতি না হওয়ায় বৃহস্পতিবার সন্ধ্যায় তাঁকে নোয়াখালীর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। সেখানে সার্জারি বিভাগে তাঁর চিকিৎসা চলছে। থানাহাজতে আটক আপন বড় ভাইয়ের খবর নিতে ওই তরুণ থানায় গিয়ে পুলিশের হাতে নির্যাতনের শিকার হন।

স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে জানা গেছে, আবদুল্লাহ আল নোমান সেনবাগ উপজেলার কাদরা ইউনিয়নের উত্তর কাদরা মজুমদার পাড়া সংলগ্ন আবু তাহেরের নতুন বাড়ির বাসিন্দা। নোমানের বরাত দিয়ে তাঁর মা তৈয়বের নেছা বলেন, বৃহস্পতিবার দুপুরে তাঁর বড় ছেলে শাহাদাত হোসেনকে বাড়ির পাশ

থেকে বিনা কারণে ধরে নিয়ে যায় পুলিশ। খবর পেয়ে তাঁর ছোট ছেলে নোমান বড় ভাইয়ের খোঁজ নিতে থানায় যান। থানায় উপপরিদর্শক সঞ্জয় সিকদারের কাছে শাহাদাত হোসেনকে আটকের কারণ জানতে চান। এ সময় ওই উপপরিদর্শকের সঙ্গে নোমানের কথা-কাটাকাটি হয়। একপর্যায়ে নোমানকে থানার একটি কক্ষে নিয়ে গিয়ে দরজা বন্ধ করে বেধড়ক পিটিয়েছেন ওই উপপরিদর্শক। এতে নোমান অসুস্থ হয়ে পড়লে পুলিশ তাঁকে হাসপাতালে ভর্তি করে।

সেনবাগ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক নাঈম উদ্দিন ভূঁইয়া বলেন, বৃহস্পতিবার বেলা একটার দিকে ওয়াকিটকিসহ সাদাপোশাকের এক পুলিশ সদস্য আবদুল্লাহ আল নোমানকে হাসপাতালে ভর্তি করেছেন। নোমানের বুকে ও পিঠে জখম রয়েছে, তিনি শ্বাসকষ্টে ভুগছেন। তাঁকে অক্সিজেন দিয়ে হাসপাতালে রাখা হলেও উন্নত চিকিৎসার জন্য নোয়াখালী জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

আহত নোমানের একজন আত্মীয় নাম প্রকাশ না করার শর্তে বলেন, শাহাদাতকে ছেড়ে দেওয়ার নামে এক রাজনৈতিক নেতার মাধ্যমে পাঁচ হাজার টাকাও নিয়েছেন সঞ্জয় সিকদার। এরপরও শাহাদাতকে ছেড়ে না দিয়ে একটি সাদা কাগজে স্বাক্ষরের জন্য তাঁদের চাপ দেওয়া হয়েছে। তবে তাঁরা ওই কাগজে স্বাক্ষর করেননি।

অভিযোগের বিষয়ে জানতে চাইলে উপপরিদর্শক সঞ্জয় সিকদার বলেন, শাহাদাত হোসেনকে গাঁজাসহ আটক করা হয়েছে। তাঁকে থানায় আনার পর তাঁর আত্মীয়স্বজনের সঙ্গে সামান্য ঝামেলা হয়েছে। নোমান নামে কাউকে তিনি চেনেন না। নোমানকে কারা হাসপাতালে ভর্তি করেছেন, সেটিও তিনি জানেন না।

পরিবারের সদস্যরা জানান, আটক শাহাদাত কিছুদিন প্রবাসে ছিলেন। সেখানে যে কাজ দেওয়ার কথা ওই কাজ না দেওয়ায় তিনি দেশে এসে ভাইয়ের সঙ্গে একই দোকানে কাজ করেন। থানায় তাঁর বিরুদ্ধে কোনো মামলা নেই।

Challenges: The news was sensitive, so I needed to be extra careful. The headline the correspondent wrote was too long for an online article. Also, there were some unimportant details included. Some quotes were repeated, which made it a bit hard to decide which ones to keep.

My Mistakes:

- Should have used the word **'পেটান'** instead of **'পেটায়'**.
- Using a hyphen within the word **'উপ-পরিদর্শক'** was unnecessary.
- Included a relative's quote that does not have any evidence.
- Took a slightly longer time than anticipated.

My Learning:

- Developed a cautious approach to writing for sensitive news topics, ensuring careful handling.
- Acquired the skill of condensing lengthy headlines effectively.
- Learned to omit unnecessary information and quotes to make the news concise.

URL Link: https://www.ittefaq.com.bd/679473

সারাদেশ

ভাইয়ের খোঁজে থানায় গিয়ে মারধরের শিকার, এসআই প্রত্যাহার

সেনবাগ (নোয়াখালী) সংবাদদাতা

প্রকাশ : ০২ মার্চ ২০২৪, ১৩:৫৬

ভাইয়ের খোঁজ নিতে আসা এক তরুণকে থানায় আটকে রেখে মারধর ও নির্যাতনের অভিযোগে সেনবাগ থানার উপ-পরিদর্শক (এসআই) সঞ্জয় সিকদারকে প্রত্যাহার করা হয়েছে।

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

বৃহস্পতিবার (২৯ ফেব্রুয়ারি) রাতে অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মোহাম্মদ ইব্রাহিম স্বাক্ষরিত এক আদেশে তাকে প্রত্যাহার করে জেলা পুলিশ লাইনে সংযুক্ত করা হয়। আলাদা আরেকটি আদেশে ঘটনার তদন্তে তিন সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে।

মারধরের শিকার ওই তরুণের নাম আবদুল্লাহ আল-নোমান (২২)। তিনি সেনবাগ বাজারের একটি দোকানের কর্মচারী। আহত অবস্থায় বৃহস্পতিবার (২৯ ফেব্রুয়ারি) দুপুরে তাকে সেনবাগ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। সেখানে অবস্থার উন্নতি না হওয়ায় নোয়াখালীর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে সার্জারি বিভাগে তার চিকিৎসা চলছে।

জানা গেছে, বৃহস্পতিবার দুপুরে বড়ভাই শাহাদাত হোসেনকে বাড়ির পাশ থেকে ধরে নিয়ে যায় পুলিশ। এ ঘটনায় থানায় গিয়ে উপ-পরিদর্শক সঞ্জয় সিকদারের কাছে শাহাদাতকে আটকের কারণ জানতে চায় নোমান। এ সময় তাদের মধ্যে কথা-কাটাকাটি হয়। একপর্যায়ে নোমানকে থানার একটি কক্ষে নিয়ে দরজা বন্ধ করে বেধড়ক পেটায় ওই উপ-পরিদর্শক। এতে অসুস্থ হয়ে পড়লে তাকে সেনবাগ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়।

সেনবাগ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক নাঈম উদ্দিন ভূঁইয়া বলেন, বৃহস্পতিবার দুপুরে সাদা পোশাকের এক পুলিশ সদস্য নোমানকে হাসপাতালে ভর্তি করেন। তার বুকে ও পিঠে জখম ছিল, সে শ্বাসকষ্টে ভুগছিল। উন্নত চিকিৎসার জন্য তাকে নোয়াখালী জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়ার পরামর্শ দেওয়া হয়।

অভিযোগের বিষয়ে জানতে চাইলে উপ-পরিদর্শক সঞ্জয় সিকদার বলেন, শাহাদাত হোসেনকে গাঁজাসহ আটক করা হয়েছে। তাকে থানায় আনার পর তার আত্মীয়স্বজনের সঙ্গে সামান্য ঝামেলা হয়েছে। নোমান নামে কাউকে তিনি চেনেন না। নোমানকে কারা হাসপাতালে ভর্তি করেছেন, সেটিও তিনি জানেন না।

জেলা পুলিশ সুপার মোহাম্মদ আসাদুজ্জামান জানান, এ ঘটনায় থানার ওসি দায়িত্ব পালনে কোনো গাফিলতি ছিল কি না সেটিও খতিয়ে দেখা হবে। তদন্তে অভিযুক্ত পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ প্রমাণ হলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

ইত্তেফাক/এসএআর/পিও

বিষয়: পুলিশ নোয়াখালী নির্যাতন

Figure 4.1: **Published News (URL Screenshot)**

Project-5

Project Title: Central Desk/Saradesh **(বেইলি রোডে আগুন: হরগঙ্গা কলেজের শিক্ষার্থী প্রিয়ন্তীর মৃত্যু)**

Type of Work: Online Report

Assigned Date: March 01, 2024

Published Date: March 01, 2024

Project Details: A terrible fire ripped through a seven-story building on Dhaka's New Bailey Road on February 29th, 2024. The fire outbreak resulted in the loss of 46 lives, with many being the victim to smoke or injuries, sustained while trying to escape. This accident shook the whole country. All types of media covered this incident for more than a week. The Ittefaq office was also highly occupied during that period. As an intern, I wanted to write an article related to this incident, though I was not getting any chances. On the 2nd of January, Ittefaq's Munshiganj correspondent sent a report of the incident caused by this tragedy and my supervisor asked me to edit it.

My Roles and Responsibilities:

- Ensure the report is accurate, clear, and meets Ittefaq's standards.
- Check for grammar mistakes, typos, and inconsistencies.
- Clarify unclear information for readers.
- Work fast to meet deadlines for timely publication.

Final Draft:

বেইলি রোডে আগুন: হরগঙ্গা কলেজের শিক্ষার্থী প্রিয়ন্তীর মৃত্যু

রাজধানীর বেইলি রোডের অগ্নিকাণ্ডে সরকারি হরগঙ্গা কলেজের শিক্ষার্থী জারিন তাসনীম খান প্রিয়ন্তীর মৃত্যু হয়েছে। নিহত প্রিয়ন্তী মুন্সীগঞ্জ সদর উপজেলার বিনোদপুরের বাসিন্দা ও সরকারি হরগঙ্গা কলেজের ইংরেজি বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্রী।

জানা গেছে, প্রিয়ন্তীর বড় বোন তাসনোভা খান ও তার ৪ বছরের মেয়ে সায়মাকে নিয়ে সম্প্রতি কানাডা থেকে ঢাকায় আসেন। বৃহস্পতিবার (২৯ ফেব্রুয়ারি) বোনের সঙ্গে দেখা করতে বাবা, মা ও ভাইয়ের সঙ্গে ইস্কাটনে যান প্রিয়ন্তী। সেখান থেকে বড় বোন তাসনোভা, তার মামি শাশুড়ি ও ভাগ্নি সায়মাকে নিয়ে রাতে ডিনার করতে যান বেইলি রোডের ‘কাচ্চি ভাই’ রেস্তোরাঁয়।

আগুন লাগার পর রেস্তোরাঁটি ধোঁয়ায় আচ্ছন্ন হয়ে পড়ে। সঙ্গে থাকা তিনজন বের হতে পারলেও সে বের হতে পারেনি প্রিয়ন্তী। আগুনে পুড়ে মর্মান্তিক মৃত্যু হয় তার। প্রিয়ন্তীর মৃত্যুর খবরে তার নিজ এলাকায় শিক্ষক, সহপাঠী ও স্বজনদের মধ্যে শোকের ছায়া নেমে আসে।

নিহতের ভাই পিয়াল জানান, আগুন দেখে ঘাবড়ে যায় প্রিয়ন্তী। ঘটনার পরপরই তাসনোভার মামি শাশুড়ি সায়মাকে নিয়ে দ্রুত বেরিয়ে আসেন। প্রিয়ন্তীর হাতে ধরে বেরিয়ে আসার চেষ্টা করে বড়বোন তাসনোভা। কিন্তু ভবনের উপর থেকে হুড়োহুড়ি করে লোকজন নামছিল। ভিড়ের মধ্যে এক পর্যায়ে প্রিয়ন্তীর হাতটি ছুটে যায়।

উল্লেখ্য, বৃহস্পতিবার (২৯ ফেব্রুয়ারি) রাত ৯টা ৫০ মিনিটে রাজধানীর বেইলি রোডে ছয়তলা ভবনে আগুন লাগে। ফায়ার সার্ভিসের মোট ১৩টি ইউনিট ঘটনাস্থলে কাজ করে এবং রাত ১১টা ৫০ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আসে। রাত ২টা ২০ মিনিটের দিকে পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) সদস্যরা ঘটনাস্থলে যান এবং ঘটনাস্থলকে 'ক্রাইম সিন' ঘোষণা দিয়ে ভবনটির সামনে হলুদ ফিতা আটকে দেন। বিপুল সংখ্যক পুলিশ সদস্য ভবনের সামনে অবস্থান নেয়। ভবনটিতে কাচ্চি ভাই রেস্টুরেন্ট ছাড়াও, স্যামসাংয়ের শোরুম, গ্যাজেট অ্যান্ড গিয়ার, ইলিন, খানাস ও পিৎজা ইনের আউটলেট আছে বলে জানা গেছে।

First Draft:

বেইলি রোডে আগুন: হরগঙ্গা কলেজের শিক্ষার্থী প্রিয়ন্তীর মৃত্যু

রাজধানীর বেইলি রোডের অগ্নিকাণ্ডে সরকারি হরগঙ্গা কলেজের শিক্ষার্থী জারিন তাসনীম খান প্রিয়ন্তীর মৃত্যু হয়েছে। নিহত প্রিয়ন্তী মুন্সীগঞ্জ সদর উপজেলার বিনোদপুরের বাসিন্দা ও সরকারি হরগঙ্গা কলেজের ইংরেজি বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্রী।

জানা গেছে, প্রিয়ন্তীর বড় বোন বড় তাসনোভা খান ও তার ৪ বছরের মেয়ে সায়মা কানাডা থেকে ঢাকায় আসনে। বৃহস্পতিবার (২৯ ফেব্রুয়ারি) বোনের সাথে দেখা করতে বাবা, মা ও ভাইয়ের সাথে ইস্কাটনে যান প্রিয়ন্তী। সেখান থেকে বড় বোন তাসনোভা, তার মামি-শাশুড়ি ও ভাগ্নি সায়মাকে নিয়ে রাতে ডিনার করতে যান বেইলি রোডের 'কাচ্চি ভাই' রেস্তোরাঁয়।

আগুন লাগার পর রেস্তোরাঁটি ধোয়ায় আচ্ছন্ন হয়ে পড়ে। সাথের ৩ জন বের হতে পারলেও বের হতে পারেনি প্রিয়ন্তী। আগুনে পুড়ে তার মর্মান্তিক মৃত্যু হয়। প্রিয়ন্তীর মৃত্যুর খবরে তার নিজ এলাকায় শিক্ষক, সহপাঠী ও স্বজনদের মাঝে শোকের ছায়া নেমে আসে।

নিহতের ভাই পিয়াল জানান, আগুন দেখে ঘাবড়ে যায় প্রিয়ন্তী। ঘটনার পরপরই সায়মাকে নিয়ে দ্রুত বেরিয়ে আসেন তাসনোভার মামি-শাশুড়ি। প্রিয়ন্তীর হাতে ধরে বেরিয়ে আসার চেষ্টা করে বড়বোন তাসনোভা। কিন্তু, ভবনের উপর থেকে হুড়োহুড়ি করে লোকজন নামছিল, ভিড়ের মধ্যে একপর্যায়ে প্রিয়ন্তীর হাতটি ছুটে যায়।

Correspondent's Copy:

বেইলি রোডের গ্রিন কোজি ট্র্যাজেডি: মুন্সীগঞ্জের হরগঙ্গা কলেজের ছাত্রী প্রিয়ন্তীর সোনালী স্বপ্ন ছাই

মুন্সীগঞ্জ প্রতিনিধি: রাজধানীর বেইলি রোডের আগুনে মুন্সীগঞ্জ সদর উপজেলার বিনোদপুরের বাসিন্দা জারিন তাসনীম খান প্রিয়ন্তীর মর্মান্তিক মৃত্যু হয়েছে। মুন্সীগঞ্জের সরকারি হরগঙ্গা কলেজের ইংরেজি সম্মান শ্রেণির দ্বিতীয় বর্ষের ছাত্রী প্রিয়ন্তী এখন শুধুই স্মৃতি।

প্রিয়ন্তীর বড় বোন বড় তাসনোভা খান সুহা সন্তান সায়মাসহ কানাডা থেকে বুধবার ঢাকায় আসনে। বোনের সাথে দেখা করতে প্রিয়ন্তী বাবা অ্যাডভোকেট আওলাদ হোসেন খান, মা গৃহিনী মেহেরুন্নেসা ও বড় ভাই সাজেদ হোসেন পিয়াল ঢাকার ইস্কাটনে যান।

সুহা তার মেয়ে সায়মা ও বোন প্রিয়ন্তীসহ মামী শাশুড়ীর সাথে বৃহস্পতিবার রাতে ডিনার করতে বেইলি রোডে যান 'কাচ্চি ভাই' নামের রেস্তোরাঁয়। আগুন লাগার পর বেইলি রোডের গ্রিন কোজি কটেজ ভবনের দ্বিতীয় তলায় এই রেস্তোরাঁ ধোয়ায় আচ্ছন্ন হয়ে পরে কিছু দেখা যাচ্ছিল না। তার সাথের তিনজন বেরুতে পারলেও প্রিয়ন্তীর হাত ছুটে যায়। পরে আর বেরুতে পারেননি, আগুনে পুরে মর্মান্তিক ভাবে মারা যান।

এই মৃত্যুর খবর মুন্সীগঞ্জে ছড়িয়েছে পরলে সহপাঠী, শিক্ষক ও স্বজনদের মাঝে শোকের ছায়া নেমে আসে। স্বজনরা তাদের বিনোদপুরের বাড়িতে ভিড় করে। তবে প্রিয়ন্তীর মরদেহ এখনো ঢাকায়। সেখানে গোসল করানোর পর কফিন আসতে আসতে আরোও বিলম্ব, তাই অপেক্ষায় এলকার মানুষ । তবে বাবা, মা ও বড় বোন রয়েছেন প্রিয়ন্তীর মরদেহের সাথে।

তবে সদ্য এলএলবি পাস করা প্রিয়ন্তীর ভাই পিয়াল বাড়ি ফিরে এসে বোনের দাফনের ব্যাপারে কাজ এলাকাবাসীর সাথে কথা বলে বাদ আসর নির্ধারণ করেছেন। প্রিয়ন্তীর ভাই সাজেদ হোসন পিয়াল জানান, ঘটনার পর আগুন দেখে ঘাবরে যায় প্রিয়ন্তী। ঘটনার পরপরই সাড়ে ৪ বছরের সায়বাকে নিয়ে দ্রুত বেরিয়ে যায় সুহার মামী শাশুড়ী। তবে সুহা বোন প্রিয়ন্তীকে হাতে ধরে বেরিয়ে আসার চেষ্ট করেন। কিন্তু ভবনের উপন থেকে হুড়োহুড়ি করে লোনজন নামছিল, আর ধোয়ায় মধ্য এক পর্যায়ে প্রিয়ন্তীর হাতটি ছুটে যায়।

প্রিয়ন্তী এইচএসসি পাস করেন শহরের প্রেসিডেন্ট প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ রেসিডেন্সিয়াল মডেল স্কুল অ্যান্ড কলেজে। তার সাবেক এই শিক্ষালয়টি ঘিরেও শোকের ছায়া । এই করুন মৃত্যু কেউই সহ্য করতে পারছেন না। প্রিয়ন্তীর সোনালী স্বপ্ন আগুনে পুরে ছাই হয়ে গেছে। আর কান্নার সাগরে ভাসিয়ে দিয়েছে প্রিয়জনদের। #

Challenges: The given information was not in a news format. I had to rewrite almost the entire story. There was a lot of unnecessary and personal information in the correspondent's draft. It took a lot of my patience.

My Mistakes:

- Could not describe the body paragraph perfectly. I could have done it well.
- This was a follow-up story where providing background information was essential. However, I overlooked it.

My Learning:

- Learned to carefully review drafts, removing unnecessary details.
- Learned to carefully check drafts and remove extra details.
- Realized the importance of including background information in follow-up stories.

URL Link: https://www.ittefaq.com.bd/679363

সারাদেশ

> সারাদেশ

বেইলি রোডে আগুন: হরগঙ্গা কলেজের শিক্ষার্থী প্রিয়ন্তীর মৃত্যু

মুন্সীগঞ্জ প্রতিনিধি

প্রকাশ : ০১ মার্চ ২০২৪, ১৫:১১

নিহত জারিন তাসনীম খান প্রিয়ন্তী। ছবি: ইত্তেফাক

রাজধানীর বেইলি রোডের অগ্নিকাণ্ডে সরকারি হরগঙ্গা কলেজের শিক্ষার্থী জারিন তাসনীম খান প্রিয়ন্তীর মৃত্যু হয়েছে। নিহত প্রিয়ন্তী মুন্সীগঞ্জ সদর উপজেলার বিনোদপুরের বাসিন্দা ও সরকারি হরগঙ্গা কলেজের ইংরেজি বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্রী।

জানা গেছে, প্রিয়ন্তীর বড় বোন তাসনোভা খান ও তার ৪ বছরের মেয়ে সায়মাকে নিয়ে সম্প্রতি কানাডা থেকে ঢাকায় আসেন। বৃহস্পতিবার (২৯ ফেব্রুয়ারি) বোনের সঙ্গে দেখা করতে বাবা, মা ও ভাইয়ের সঙ্গে ইস্কাটনে যান প্রিয়ন্তী। সেখান থেকে বড় বোন তাসনোভা, তার মামি শাশুড়ি ও ভাগ্নি সায়মাকে নিয়ে রাতে ডিনার করতে যান বেইলি রোডের 'কাচ্চি ভাই' রেস্তোরাঁয়।

আগুন লাগার পর রেস্তোরাঁটি ধোঁয়ায় আচ্ছন্ন হয়ে পড়ে। সঙ্গে থাকা তিনজন বের হতে পারলেও সে বের হতে পারেনি প্রিয়ন্তী। আগুনে পুড়ে মর্মান্তিক মৃত্যু হয় তার। প্রিয়ন্তীর মৃত্যুর খবরে তার নিজ এলাকায় শিক্ষক, সহপাঠী ও স্বজনদের মধ্যে শোকের ছায়া নেমে আসে।

নিহতের ভাই পিয়াল জানান, আগুন দেখে ঘাবড়ে যায় প্রিয়ন্তী। ঘটনার পরপরই তাসনোভার মামি শাশুড়ি সায়মাকে নিয়ে দ্রুত বেরিয়ে আসেন। প্রিয়ন্তীর হাতে ধরে বেরিয়ে আসার চেষ্টা করে বড়বোন তাসনোভা। কিন্তু ভবনের উপর থেকে হুড়োহুড়ি করে লোকজন নামছিল। ভিড়ের মধ্যে এক পর্যায়ে প্রিয়ন্তীর হাতটি ছুটে যায়।

উল্লেখ্য, বৃহস্পতিবার (২৯ ফেব্রুয়ারি) রাত ৯টা ৫০ মিনিটে রাজধানীর বেইলি রোডে ছয়তলা ভবনে আগুন লাগে। ফায়ার সার্ভিসের মোট ১৩টি ইউনিট ঘটনাস্থলে কাজ করে এবং রাত ১১টা ৫০ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আসে। রাত ২টা ২০ মিনিটের দিকে পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) সদস্যরা ঘটনাস্থলে যান এবং ঘটনাস্থলকে 'ক্রাইম সিন' ঘোষণা দিয়ে ভবনটির সামনে হলুদ ফিতা আটকে দেন। বিপুল সংখ্যক পুলিশ সদস্য ভবনের সামনে অবস্থান নেয়। ভবনটিতে কাচ্চি ভাই রেস্টুরেন্ট ছাড়াও, স্যামসাংয়ের শোরুম, গ্যাজেট অ্যান্ড গিয়ার, ইলিন, খানাস ও পিৎজা ইনের আউটলেট আছে বলে জানা গেছে।

ইত্তেফাক/এসএআর/পিও

বিষয়: রাজধানী মুন্সীগঞ্জ অগ্নিকাণ্ড আগুন বেইলি রোডে আগুন

Figure 5.1: **Published News (URL Screenshot)**

Project-6

Project Title: Central Desk/Saradesh **(ফেসবুকে দুই কিশোরীর প্রেম, বিয়ে করতে এসে ধরা)**

Type of Work: Online Report

Assigned Date: February 24, 2024

Published Date: February 24, 2024

Project Details: The news sent by the Natore correspondent was alarming and inappropriate in its title and presentation. How it was crafted does not align with the ethical standards of journalism. Furthermore, personal details such as the victims' identities, ages, affiliations, and family information were disclosed, which is bad journalism. Although the topic itself was intriguing, these ethical breaches overshadowed its potential. As a result, my supervisor opted out to publish it. Nonetheless, I was assigned to edit the piece to assess my news judgment and editing skills. Initially taken aback by the draft, I dedicated my best efforts to revise its approach and make it suitable for publication. After reviewing my edited copy, my supervisor was thrilled and appreciated me for transforming something mediocre into a news article worthy of publication.

My Roles and Responsibilities:

- Review and analyze the news for ethical alignment and appropriateness.
- Identify any inappropriate aspects in the title and presentation of news pieces.
- Edit drafts to enhance approach and suitability for publishing.
- Work fast to meet deadlines for timely publication.
- Ensure that the edited copy meets ethical journalism standards, safeguarding personal details.

Final Draft:

ফেসবুকে দুই কিশোরীর প্রেম, বিয়ে করতে এসে ধরা

প্রেমের টানে বিয়ে করতে এসে পুলিশের হাতে আটক হয়েছে এক স্কুলছাত্রী। শুক্রবার (২৩ ফেব্রুয়ারি) সন্ধ্যায় নাটোর সদর উপজেলার একডালা এলাকা থেকে তাকে আটক করে পুলিশ।

জানা গেছে, সিলেটের কোতোয়ালি থানার সোবহানী ঘাট এলাকার দশম শ্রেণির এক ছাত্রীর সঙ্গে ফেসবুকে পরিচয় হয় নাটোর সদর উপজেলার নবম শ্রেণির ছাত্রীর। আলাপের মাধ্যমে দুজনের মধ্যে বাড়তে থাকে ঘনিষ্ঠতা। পরিচয়ের এক পর্যায়ে একে অপরের প্রেমে পড়ে তারা। প্রেমের টানে বান্ধবীকে বিয়ে করতে সিলেট কোতোয়ালি থেকে দশম শ্রেণির ওই ছাত্রী নাটোরে ছুটে আসে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে ওই ছাত্রীকে আটক করে থানায় নিয়ে আসে।

নাটোর সদর থানার ওসি মিজানুর রহমান জানান, সিলেটের কোতোয়ালি থানা এলাকা থেকে এক তরুণী নাটোর একডালা এলাকার এক স্কুলছাত্রীর কাছে আসে। এসে দুজন বিয়ে করতে চাইলে এলাকায় বেশ চাঞ্চল্যের সৃষ্টি হয়। পরে স্থানীয়রা সন্ধ্যায় বিষয়টি থানা পুলিশকে জানালে ঘটনাস্থল থেকে সিলেটের ওই তরুণীকে পুলিশি হেফাজতে থানায় নিয়ে আসা হয়। অপর তরুণীকে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

তিনি আরও জানান, সিলেটের ওই তরুণীর পরিবারকে খবর দেওয়া হয়েছে। অভিভাবকরা আসলে তাদের কাছে মেয়েকে তুলে দেওয়া হবে।

First Draft:

ফেসবুকে দুই কিশোরীর প্রেম, বিয়ে করতে এসে ধরা

প্রেমের টানে বিয়ে করতে এসে পুলিশের হাতে আটক হয়েছেন এক স্কুলছাত্রী। শুক্রবার (২৩ ফেব্রুয়ারি) সন্ধ্যায় নাটোর সদর উপজেলার একডালা এলাকা থেকে তাকে আটক করে পুলিশ।

জানা গেছে, সিলেটের কোতোয়ালি থানার সোবাহানী ঘাট এলাকার দশম শ্রেণির এক ছাত্রীর সাথে ফেসবুকে পরিচয় হয় নাটোর সদর উপজেলার নবম শ্রেণির শিক্ষার্থীর। আলাপের মাধ্যমে দুজনের মধ্য বাড়ে ঘনিষ্ঠটা। এরপর একে অপরের প্রেমে পড়ে তারা। প্রেমের টানে বান্ধবীকে বিয়ে করতে সিলেট কোতোয়ালি থেকে দশম শ্রেণির ঐ শিক্ষার্থী নাটোরে ছুটে আসে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে ওই শিক্ষার্থীকে আটক করে থানায় নিয়ে আসে।

নাটোর সদর থানার ওসি মিজানুর রহমান জানান, সিলেটের কোতোয়ালি থানা এলাকা থেকে এক তরুণী নাটোর একডালা এলাকার এক স্কুলছাত্রীর কাছে আসে। এসে দুজন বিয়ে করতে চাইলে এলাকায় বেশ চাঞ্চল্যের সৃষ্টি হয়। পরে স্থানীয়রা সন্ধ্যায় বিষয়টি থানা পুলিশকে জানালে ঘটনাস্থল থেকে সিলেটের ওই তরুণীকে পুলিশি হেফাজতে থানায় নিয়ে আসা হয়। অপর তরুণীকে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

তিনি আরো জানান, সিলেটের ওই তরুণীর পরিবারকে খবর দেওয়া হয়েছে। তারা রওনা হয়েছে।

Correspondent’s Copy:

নাটোরে দুই সমকামী ছাত্রীর প্রেম, বিয়ে করতে এসে ধরা

ফেসবুকে দুই স্কুলছাত্রীর পরিচয়। এরপর দীর্ঘদিন ধরে দুজনের মধ্য কথা-বার্তায় ঘনিষ্ঠ বন্ধুত্ব সম্পর্ক গড়ে উঠে। তারপর দুজনে সমকামিতায় জড়িয়ে যান। অবশেষে বান্ধবীর প্রেমের টানে বিয়ে করতে সিলেট কোতোয়ালি এলাকা থেকে এক তরুণী নাটোরে ছুটে এসেছেন। পরে পুলিশ খবর পেয়ে ঘটনাস্থল থেকে সিলেটের ওই তরুণী সমকামীকে হেফাজতে থানায় নিয়ে আসেন।

শুক্রবার (২৩ ফেব্রুয়ারি) সন্ধ্যায় নাটোর সদর উপজেলার একডালা থেকে তাদের হেফাজতে নেয় পুলিশ। দুই শিক্ষার্থী হলো-নাটোর সদর উপজেলার একডালা এলাকার আমিনুল ইসলামের মেয়ে মোছা. সেতু খাতুন। সে একডালা মডেল হাইস্কুলের নবম শ্রেণির ছাত্রী এবং সিলেটের কোতোয়ালি থানার সোবাহানী ঘাট এলাকার ফারুক আহমেদের মেয়ে তাবাসসুম জান্নাত। সে হযরত শাহজালাল দারুস সালাম ইয়াকুবিয়া মাদ্রাসার দশম শ্রেণীর শিক্ষার্থী।

নাটোর সদর থানার কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান জানান, সিলেটের কোতোয়ালি থানা এলাকা থেকে তাবাসসুম জান্নাত নামে এক তরুণী নাটোর একডালা এলাকার সেতু নামে এক স্কুলছাত্রীর কাছে আসে। এসে দুজন বিয়ে করতে চাইলে এলাকায় বেশ চাঞ্চল্যের সৃষ্টি হয়। পরে স্থানীয়রা সন্ধ্যায় বিষয়টি থানা পুলিশকে জানালে ঘটনাস্থল থেকে সিলেটের ওই তরুণীকে হেফাজতে থানায় নিয়ে আসে পুলিশ।

অপর তরুণীকে পরিবারের কাছে হেফাজতে দেওয়া হয়েছে। সিলেটের ওই তরুণীর পরিবারকে খবর দেওয়া হয়েছে। তারা রওনা হয়েছে। তারা এলে তাদের কাছে ওই তরুণীকে হস্তান্তর করা হবে। পুলিশের হেফাজতে থাকা সিলেটের ওই তরুণীকে রাতে এ বিষয়ে জিজ্ঞাসাবাদ করা হবে বলে জানান তিনি।

Challenges: Challenges included fixing ethical issues like an alarming title and inappropriate disclosure of personal details. Balancing intrigue with ethics was important. Despite the initial shock, revising the draft well was needed.

My Mistakes:

- Took a bit long time to write the headline.
- The body paragraph could be described more clearly.
- Wrote the word **'ঐ'** instead of **'ওই'**.
- Mistake the spelling **'ঘনিষ্ঠতা'**.

My Learning:

- Understood the importance of adhering to ethical standards when editing news content.
- Realized how important it is to use the right words and spellings in writing news.
- Learned to cut unnecessary information.

URL Link: https://www.ittefaq.com.bd/678632

সারাদেশ

সারাদেশ

ফেসবুকে দুই কিশোরীর প্রেম, বিয়ে করতে এসে ধরা

নাটোর প্রতিনিধি

প্রকাশ : ২৪ ফেব্রুয়ারি ২০২৪, ১১:৫৪

প্রেমের টানে বিয়ে করতে এসে পুলিশের হাতে আটক হয়েছে এক স্কুলছাত্রী। শুক্রবার (২৩ ফেব্রুয়ারি) সন্ধ্যায় নাটোর সদর উপজেলার একডালা এলাকা থেকে তাকে আটক করে পুলিশ।

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

জানা গেছে, সিলেটের কোতোয়ালি থানার সোবহানী ঘাট এলাকার দশম শ্রেণির এক ছাত্রীর সঙ্গে ফেসবুকে পরিচয় হয় নাটোর সদর উপজেলার নবম শ্রেণির ছাত্রীর। আলাপের মাধ্যমে দুজনের মধ্যে বাড়তে থাকে ঘনিষ্ঠতা। পরিচয়ের এক পর্যায়ে একে অপরের প্রেমে পড়ে তারা। প্রেমের টানে বান্ধবীকে বিয়ে করতে সিলেট কোতোয়ালি থেকে দশম শ্রেণির ওই ছাত্রী নাটোরে ছুটে আসে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে ওই ছাত্রীকে আটক করে থানায় নিয়ে আসে।

নাটোর সদর থানার ওসি মিজানুর রহমান জানান, সিলেটের কোতোয়ালি থানা এলাকা থেকে এক তরুণী নাটোর একডালা এলাকার এক স্কুলছাত্রীর কাছে আসে। এসে দুজন বিয়ে করতে চাইলে এলাকায় বেশ চাঞ্চল্যের সৃষ্টি হয়। পরে স্থানীয়রা সন্ধ্যায় বিষয়টি থানা পুলিশকে জানালে ঘটনাস্থল থেকে সিলেটের ওই তরুণীকে পুলিশি হেফাজতে থানায় নিয়ে আসা হয়। অপর তরুণীকে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

তিনি আরও জানান, সিলেটের ওই তরুণীর পরিবারকে খবর দেওয়া হয়েছে। অভিভাবকরা আসলে তাদের কাছে মেয়েকে তুলে দেওয়া হবে।

ইত্তেফাক/এসএআর/পিও

বিষয়: সিলেট স্কুলছাত্রী নাটোর

Figure 6.1: **Published News (URL Screenshot)**

Project-7

Project Title: Central Desk/Saradesh **(তাড়াশে গৃহবধূকে শ্লীলতাহানির অভিযোগে এএসআই প্রত্যাহার)**

Type of Work: Online Report

Assigned Date: February 17, 2024

Published Date: February 17, 2024

Project Details: This project demonstrates the depth of my dedication to my work and the speed of my critical thinking abilities.

Our Tarash correspondent sent this report, but it lacked credibility. The report claimed that a police officer had harassed a housewife, as indicated in the 'correspondent's copy' section. However, there was inadequate evidence to support the allegation, and no response or feedback from the accused regarding this matter was provided in the report.

Before discussing it with my supervisor, I opted to conduct online research on the incident. I discovered on Jagonews24 that the accused officer had been temporarily closed from his duties. Quickly, I informed our correspondent about this update and asked him to verify the information.

He talked to the OC, confirmed the details, and sent me the statement of the OC regarding the incident. Following that, I revised the headline and the news angle. My supervisor was impressed with how promptly I acted and resolved the issue.

My Roles and Responsibilities:

- Verify the report's accuracy, clarity, and compliance with Ittefaq's standards.
- Review for grammar errors, typos, and inconsistencies.
- Clarify any unclear information for readers.
- Meet deadlines promptly to ensure timely publication.
- Communicate with the correspondent as necessary for clarification or additional information.

Final Draft:

তাড়াশে গৃহবধূকে শ্লীলতাহানির অভিযোগে এএসআই প্রত্যাহার

সিরাজগঞ্জের তাড়াশে মাদক তল্লাশির নামে গৃহবধূকে শ্লীলতাহানির অভিযোগে সহকারী উপ-পরিদর্শক (এএসআই) সন্তোষ কুমারকে সাময়িক প্রত্যাহার করা হয়েছে।

শনিবার (১৭ ফেব্রুয়ারি) সাড়ে ১২টার দিকে তাড়াশ থানার ওসি মো. নজরুল ইসলাম বিষয়টি দৈনিক ইত্তেফাককে নিশ্চিত করে বলেন, অভিযোগ ওঠার পর এএসআই সন্তোষ কুমারকে প্রশাসনিক কারণ দেখিয়ে ক্লোজড করা হয়েছে।

জানা গেছে, মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) বিকাল ৪টার দিকে এএসআই সন্তোষ কুমারসহ আরেক পুলিশ সদস্য নিয়ে এক গৃহবধূর বাড়িতে মাদকের তল্লাশি চালান। রাত ৮টার দিকে আবারও ভুক্তভোগীর ঘরে একা ঢুকে তল্লাশি চালান এএসআই সন্তোষ। এ সময় তিনি ওই গৃহবধূকে ভয় দেখানোর চেষ্টা করেন। তখন গৃহবধূর গলার নিচে হাত দিয়ে বলেন, 'ভালো হয়ে যাও।' এ ঘটনা জানাজানি হওয়ার পর লোকলজ্জায় অসুস্থ হয়ে হয়ে পড়েন ওই গৃহবধূ। আতঙ্কের মধ্যে দিন কাটাচ্ছে পুরো পরিবার।

ভুক্তভোগীর স্বামী বলেন, আমি দেশীগ্রাম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে বিষয়টি জানাই। তিনি আমাদের বাড়িতে আসেন। মীমাংসা করে দেওয়ার কথা বলে চেয়ারম্যানের মোবাইল থেকে এএসআই সন্তোষ কুমারকে কল করেন। তখন তিনি আমার স্ত্রীকে বলেন, যা হওয়ার হয়েছে। আমাকে মাফ করে দাও।

First Draft:

তাড়াশে গৃহবধূকে শ্লীলতাহানির অভিযোগে এএসআই প্রত্যাহার

সিরাজগঞ্জের তাড়াশে মাদক তল্লাশির নামে গৃহবধূকে শ্লীলতাহানির অভিযোগে সহকারী উপ-পরিদর্শক (এএসআই) সন্তোষ কুমারকে সাময়িক প্রত্যাহার করা হয়েছে।

শনিবার (১৭ ফেব্রুয়ারি) সাড়ে ১২টার দিকে ওসি মো. নজরুল ইসলাম বিষয়টি দৈনিক ইত্তেফাককে নিশ্চিত করে বলেন, অভিযোগ ওঠার পর এএসআই সন্তোষ কুমারকে প্রশাসনিক কারণ দেখিয়ে ক্লোজড করা হয়েছে।

জানা গেছে, মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) বিকাল ৪টার দিকে এএসআই সন্তোষ কুমারসহ আরেক পুলিশ সদস্য নিয়ে এক গৃহবধূর বাড়িতে মাদকের তল্লাশি চালান। রাত ৮টার দিকে আবারও ভুক্তভোগীর ঘরে একা ঢুকে তল্লাশি চালান এএসআই সন্তোষ। এ সময় তিনি ওই গৃহবধূকে ভয় দেখানোর চেষ্টা করেন। তখন গৃহবধূর গলার নিচে হাত দিয়ে বলেন, 'ভালো হয়ে যাও।' এ ঘটনা জানাজানি হওয়ার পর লোকলজ্জায় অসুস্থ হয়ে হয়ে পড়েন ওই গৃহবধূ। আতঙ্কের মধ্যে দিন কাটাচ্ছে পুরো পরিবার।

ভুক্তভোগীর স্বামী বলেন, আমি দেশীগ্রাম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে বিষয়টি জানাই। তিনি আমাদের বাড়িতে আসেন। মীমাংসা করে দেওয়ার কথা বলে চেয়ারম্যানের মোবাইল থেকে এএসআই সন্তোষ কুমারকে কল করেন। তখন তিনি আমার স্ত্রীকে বলেন, যা হওয়ার হয়েছে। আমাকে মাফ করে দাও।

Correspondent's Copy:

আদিবাসী গৃহবধূকে শ্লীলতাহানির অভিযোগ

পুলিশের সহকারী উপ পরিদর্শকের বিরুদ্ধে

সিরাজগঞ্জের তাড়াশ থানার সহকারী উপ-পুলিশ পরিদর্শক (এএসআই) সন্তোষ কুমারের বিরুদ্ধে আদিবাসী এক গৃহবধূ শ্লীলতাহানির অভিযোগ তুলেছেন। এ ঘটনা জানাজানি হওয়ার পর থেকে ঐ গৃহবধূ লোকলজ্জার ভয়ে কেঁদে কেঁদে অসুস্থ হয়ে হয়ে পড়েছেন। প্রতিদিন মাঠে কাজ না করলে যাদের খাবার জোটেনা ৫দিন হলো সেই পরিবারটি মানহানীর কারণে বাড়ি থেকে বেড় হতে পারছেনা। শুধু তাই নয়, পুলিশের ভয়ে আতঙ্কের মধ্যেও রয়েছেন আদিবাসী পরিবারটি।

(১৬ ফেব্রæয়ারি) শুক্রবার বিকেলে ভুক্তভোগী আদিবাসী গৃহবধূ শ্লীলতাহানির অভিযোগটি দৈনিক ইত্তেফাককে নিশ্চিত করেন। শ্লীলতাহানীর শিকার আদিবাসী গৃহবধূর বাড়ি দেশীগ্রাম ইউনিয়নের গুড়পিপুল গ্রামের জশাইপাড়া কালী মন্দিরের পাশের গ্যাড়োগাড়া পুকুরের পুর্ব পাড়ের দক্ষিণের কোণায়।

এদিকে তাড়াশ থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. নজরুল ইসলাম বলেন, তাড়াশ থানা পুলিশ আদিবাসী গৃহবধূর সঙ্গে সাক্ষাত করে শ্লীলতাহানীর বিষয়ে কথা বলেছেন। কিন্ত সাথে শ্লীলতাহানির মত কোন ব্যাপারই ঘটেনি বলে স্বীকার করেছেন গৃহবধূ। বরং তিনি বলেছেন, এএসআই সন্তোষ কুমার ঘরে ঢুকে চোলাই মদের তল্লাশি করে ফিরে গেছেন। ঘরে কিছু পায়নি। শ্লীলতাহানিও করেনি।

অপরদিকে ভুক্তভোগী আদিবাসী গৃহবধূ ইত্তেফাককে বলেন, গত মঙ্গলবার বিকেল ৪টার দিকে এএসআই সন্তোষ কুমারসহ আরেকজন পুলিশ আমাদের বাড়িতে এসে চোলাই মদের তল্লাশি চালায়। তারপর রাত ৮টার দিকে আবারও আমাদের বাড়িতে এসে থানার লোক বলে ঘরে ঢুকে পড়েন এএসআই সন্তোষ কুমার। তখন তিনি একাই এসেছিলেন। আমি আমার কিশোরী মেয়ে সাথে সারাদিন মাঠে দিন মজুরের কাজ করে রাত ৮টার দিকে মেয়ে ও তিন বছরের শিশু সন্তানকে নিয়ে ঘুমিয়ে ছিলাম। এএসআই সন্তোষ কুমার ঘরে ঢুকে প্রথমে সারা ঘর তল্লাশি করেন। তারপর আমাকে ঘরের মধ্যের আরেক পাশে ডেকে নেন ও বার বার আমার কাছে আসার চেষ্টা করেন। আমি ভয়ে দূরে সরে যাই। এরকমভাবে কিছুটা সময় কেটে যায়। তার পর সে আমার শরীরের গলার নিচে হাত দিয়ে বলেন " ভালো হয়ে যাও। "

আদিবাসী গৃহবধূর কিশোরী মেয়ে বলেন, মাকে পাশের ঘরে নিয়ে যাওয়ার পর আমি ঘরের বাইরে চলে যাই। তারপর আমাদের বাড়ির সামনের গাংকুড়া পুকুর পাড়ের বাড়ি থেকে আমার পিষি ও নানীকে ডেকে নিয়ে আসি। তখনো আমার ছোট ভাই ঘরেই ঘুমিয়ে ছিল।

আদিবাসী গৃহবধূর মা (৬৫) বলেন, আমার মেয়ের শ্লীলতাহানির পর থেকে শুধু কেঁদেই যাচ্ছে। ঠিকমত খেতে পারছেনা। মন খারাপ করে বসে থাকে সব সময়। আমি এএসআই সন্তোষ কুমারের বিচার দাবি করছি।

আদিবাসী গৃহবধুর স্বামী বলেন, তিনি পাশের সিংড়া থানার মানিক চাপড় গ্রামের সিদ্দিকের বাড়িতে থেকে বছর ভিত্তির কৃষাণের কাজ করছেন। মাঝে মধ্যে নিজের বাড়িতে আসেন। শ্লীলতাহানির পর আমার স্ত্রী আমাকে মুঠো ফোনে জানান, "তুমি তাড়াতাড়ি বাড়িতে চলে আস। তোমার সাথে আমার জরুরি কথা আছে।" আমি বাড়িতে আসার পর আমার কাছে শ্লীলতাহানীর সব বিবরণ দিয়ে কেঁদে ফেলেন আমার স্ত্রী।

পরে আমি স্থানীয় দেশীগ্রাম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও গুড়পিপুল গ্রামের বাসিন্দা গ্যানেন্দ্রনাথ বসাককে এ বিষটি জানাই। তিনি আমাদের বাড়িতে আসেন। বিশেষ করে আপোষ মিমাংসা করে দেওয়ার কথা বলে চেয়ারম্যানের মুঠো ফোন থেকে এএসআই সন্তোষ কুমারকে কল করেন।

তখন তিনি আমার স্ত্রীকে বলেন, "যা হওয়ার হয়েছে। আমাকে মাফ করে দাও।" তবে আমি মনে করি, এএসআই সন্তোষ কুমারের আইন অনুযায়ী উপযুক্ত বিচার হওয়ার প্রয়োজন রয়েছে। নয়ত তিনি আবারও ক্যারো সঙ্গে এরকম ঘটনা করতে পারে। বিশেষ করে আমাদের সংখ্যা লঘুদের সঙ্গে। কারণ তাড়াশ উপজেলার উত্তরাঞ্চল আদিবাসী অধ্যূষিত এলাকা।

শ্লীলতাহানির শিকার গৃহবধূ কেঁদে কেঁদে আরও বলেন, এখন মনে হচ্ছে আমার সঙ্গে এএসআই সন্তোষ কুমার যা করেছেন তা আমার স্বামীকে জানানো ঠিক হয়নি। শ্লীলতাহনির বিষয়টি সবাই জেনে গেল। এখন আমি সমাজে মুখ দেখাব কী করে!

স্থানীয় সূত্রে জানা গেছে, কোন অভিযোগ ছিলনা শ্লীলতাহানির শিকার গৃহবধূর বিরুদ্ধে। অভিযোগ পত্রও দেখাতে পারেনি অভিযুক্ত এএসআই সন্তোষ কুমার। কোন নারী পুলিশ সদস্য ছিলনা তার সঙ্গে। কিংবা গ্রাম বা পাড়ার কোন লোকজনকে সঙ্গে নিয়েও গৃহবধূর ঘরে ঢোকেনি। একজন গৃহবধূর ঘরে পুরুষ পুলিশ সদস্যর রাতে তল্লাশি কতটা আইন সঙ্গত এ নিয়েও চলছে নানা গুঞ্জন।

চেয়ারম্যান জ্ঞানেন্দ্র নাথ বসাক বলেন, এ বিষয় নিয়ে এএসআই সন্তোঘ কুমারের সঙ্গে পরে কোন যোগাযোগ হয়নি। এটা আইনী বিষয়।

তাড়াশ থানার উপ পুলিশ পরিদর্শক (এএসআই) সন্তোষ কুমার আদবাসী গৃহবধূকে শ্লীলতাহানির অভিযোগ অস্বীকার করে বলেন, সব বানানো গল্প। এ ঘটনার কোন সত্যতা নাই।

এ প্রসঙ্গে জেলা সহকারী পুলিশ সুপার (উল্লাপাড়া সার্কেল) অমৃত সূত্রধর বলেন, আদিবাসী গৃহবধূর শ্লীলতাহানির অভিযোগ পুরো বানোয়াট। পুলিশকে হেয় করার জন্য এএসআই সন্তোষ কুমারের বিরুদ্ধে শ্লীলতাহানির অভিযোগ তোলা হয়েছে। # গোলাম মোস্তফা, মোবাঃ ০১৭৪৮৯৭২৭৩৬, তাং ১৭/০২/২০২৪

Challenges: Making sure the report was believable was tough. Researching online thoroughly took a lot of time. Talking to the correspondent and getting confirmation from the Officer-in-Charge needed quick action. Balancing all of these tasks while meeting deadlines was quick and challenging.

My Mistakes:

- Forgetting to mention the name of the Thana was a crucial oversight.
- The body paragraph could be improved further.

My Learning:

- Learned to research thoroughly for report credibility.
- Understood the importance of clear communication with correspondents.
- Realized the importance of verifying updates promptly.
- Developed flexibility in adjusting headlines.

URL Link: https://www.ittefaq.com.bd/677816

সারাদেশ

> সারাদেশ

তাড়াশে গৃহবধূকে শ্লীলতাহানির অভিযোগে এএসআই প্রত্যাহার

তাড়াশ (সিরাজগঞ্জ) সংবাদদাতা

প্রকাশ : ১৭ ফেব্রুয়ারি ২০২৪, ১৩:০৮

অভিযুক্ত এএসআই সন্তোষ কুমার। ছবি: ইত্তেফাক

সিরাজগঞ্জের তাড়াশে মাদক তল্লাশির নামে গৃহবধূকে শ্লীলতাহানির অভিযোগে সহকারী উপ-পরিদর্শক (এএসআই) সন্তোষ কুমারকে সাময়িক প্রত্যাহার করা হয়েছে।

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

শনিবার (১৭ ফেব্রুয়ারি) সাড়ে ১২টার দিকে তাড়াশ থানার ওসি মো. নজরুল ইসলাম বিষয়টি দৈনিক ইত্তেফাককে নিশ্চিত করে বলেন, অভিযোগ ওঠার পর এএসআই সন্তোষ কুমারকে প্রশাসনিক কারণ দেখিয়ে ক্লোজড করা হয়েছে।

জানা গেছে, মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) বিকাল ৪টার দিকে এএসআই সন্তোষ কুমারসহ আরেক পুলিশ সদস্য নিয়ে এক গৃহবধূর বাড়িতে মাদকের তল্লাশি চালান। রাত ৮টার দিকে আবারও ভুক্তভোগীর ঘরে একা ঢুকে তল্লাশি চালান এএসআই সন্তোষ। এ সময় তিনি ওই গৃহবধূকে ভয় দেখানোর চেষ্টা করেন। তখন গৃহবধূর গলার নিচে হাত দিয়ে বলেন, 'ভালো হয়ে যাও।' এ ঘটনা জানাজানি হওয়ার পর লোকলজ্জায় অসুস্থ হয়ে হয়ে পড়েন ওই গৃহবধূ। আতঙ্কের মধ্যে দিন কাটাচ্ছে পুরো পরিবার।

ভুক্তভোগীর স্বামী বলেন, আমি দেশীগ্রাম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে বিষয়টি জানাই। তিনি আমাদের বাড়িতে আসেন। মীমাংসা করে দেওয়ার কথা বলে চেয়ারম্যানের মোবাইল থেকে এএসআই সন্তোষ কুমারকে কল করেন। তখন তিনি আমার স্ত্রীকে বলেন, যা হওয়ার হয়েছে। আমাকে মাফ করে দাও।

ইত্তেফাক/এসএআর/পিও

বিষয়: পুলিশ গৃহবধূ যৌন হয়রানি অভিযোগ সিরাজগঞ্জ

Figure 7.1: **Published News (URL Screenshot)**

Project-8

Project Title: Central Desk/Saradesh **(নদী খননে অনিয়ম: ফসলি জমিতে বালু রাখতে নিষেধ করায় প্রাণনাশের হুমকি)**

Type of Work: Online Report

Assigned Date: March 10, 2024

Published Date: March 10, 2024

Project Details: I was halfway through my internship, steadily improving. During that time, our Kamarkhanda correspondent sent in this news. It surprised me when my supervisor asked me to edit this important piece. The task of refining such critical news filled me with excitement and boosted my confidence.

My Roles and Responsibilities:

- Ensure the report is accurate, clear, and follows Ittefaq's editing style.
- Look for grammar errors, typos, and inconsistencies.
- Clarify confusing information for readers.
- Work quickly to finish on time for publishing.

Final Draft:

নদী খননে অনিয়মঃ

ফসলি জমিতে বালু রাখতে নিষেধ করায় প্রাণনাশের হুমকি

সিরাজগঞ্জের কামারখন্দে নিয়ম না মেনে নদী খনন করায় ক্ষতিগ্রস্ত হচ্ছেন সাধারণ কৃষক। ফসলি জমিতে বালু রাখতে নিষেধ করায় প্রাণনাশের হুমকি দিয়েছে স্থানীয় আওয়ামী লীগ নেতারা। ঘটনার তদন্ত ও দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট দপ্তরে অভিযোগ করেছেন ভুক্তভোগী কৃষকরা।

জানা গেছে, ঝাটিবেলাই ফুলজোড় নদী খনন প্রকল্পের কাজ পায় ঠিকাদারি প্রতিষ্ঠান আয়ান কন্সট্রাকশন। প্রতিষ্ঠানটির ম্যানেজার মো. ইউসুফ, ভদ্রঘাট ইউনিয়ন আওয়ামী লীগের সদস্য ও সাবেক ইউপি সদস্য আবুল কালাম মণ্ডল, ভদ্রঘাট ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি জামাল উদ্দিন তালুকদার, সহসভাপতি ও সাবেক ইউপি সদস্য আনোয়ার তালুকদারসহ আরও বেশ কয়েকজনের নেতৃত্বে অবৈধভাবে ড্রেজার বসিয়ে বালু উত্তোলন করে সাধারণ কৃষকদের জমিতে স্তূপ করে রাখা হয়। ফসলি জমিতে বালু রাখতে নিষেধ করলে কৃষকদের গুম ও প্রাণনাশের হুমকি দেয় ঠিকাদারি প্রতিষ্ঠানের ম্যানেজার মো. ইউসুফসহ স্থানীয় আওয়ামী লীগ নেতারা। ফসলি জমিতে বালু রাখায় প্রায় ৪০ থেকে ৪৫ বিঘা জমির ফসল ক্ষতিগ্রস্ত হয়।

অভিযোগ সূত্রে জানা যায়, বাঙালী, করতোয়া, ফুলজোড় ও হুড়াসাগর নদী মূলত ২০ ইঞ্চি হাইড্রোলিক ড্রেজার দিয়ে খনন করার নিয়ম থাকলেও ঠিকাদারি প্রতিষ্ঠান আয়ান কন্সট্রাকশন ১২ ইঞ্চি বাংলা ড্রেজারের মাধ্যমে নদী খনন করে আসছে। বাংলা ড্রেজার দিয়ে নদী খনন করায় নদীর দুই পাড়ে ফসলি জমি নদীতে বিলীন হওয়ায় ক্ষতিগ্রস্ত হচ্ছেন স্থানীয় কৃষকরা। এ ছাড়াও নদীর পাশের সড়কের মাটি ধসে যাওয়ায় হুমকির মুখে কামারখন্দ-নলকা সড়কসহ বিভিন্ন স্থাপনা।

ভুক্তভোগীদের পক্ষে কৃষক মাহফুজুর রহমান বলেন, আমাদের ফসলি জমির ফসল নষ্ট ও চাষাবাদ ব্যাহত করায় ঠিকাদারি প্রতিষ্ঠান ও স্থানীয় আওয়ামী লীগ নেতাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা নির্বাহী কর্মকর্তা, কামারখন্দ থানার ওসি ও সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী বরাবর লিখিত অভিযোগ দিয়েছি। অভিযোগ পেয়ে প্রশাসনের কর্মকর্তা ও পুলিশ এসে ঘটনাস্থল পরিদর্শন করে ঠিকাদারি প্রতিষ্ঠানকে জরিমানা করেছে।

অভিযুক্ত আয়ান কন্সট্রাকশনের ম্যানেজার মো. ইউসুফ বলেন, সড়কের ওপর দিয়ে বালুর পাইপ নেওয়ায় সহকারী কমিশনার (ভূমি) পাইপ অপসারণের নির্দেশ দিয়ে জরিমানা করেন। পরবর্তীতে সড়ক বিভাগের

অনুমতি পাওয়ায় পাইপ আর অপসারণ করা হয়নি। আমরা এখানে কোনো অবৈধ কাজ করছি না, বৈধ কাজ করা হচ্ছে। তারপরও স্থানীয়দের ম্যানেজ করেই কাজ করতে হয়।

সিরাজগঞ্জ পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মাহবুবুর রহমান বলেন, ঝাটিবেলাই এলাকায় ফুলজোড় নদী খননের উত্তোলিত বালুর কারণে ক্ষতিগ্রস্ত কৃষকদের কোনো অভিযোগ পাইনি। তবে, ফুলজোড় নদী খনন প্রকল্পে অবৈধ ড্রেজার দিয়ে বালু উত্তোলন করায় স্থানীয় প্রশাসন ঠিকাদারি প্রতিষ্ঠানকে জরিমানা করেছে। নিয়ম বহির্ভূতভাবে নদী খনন করায় সড়ক ধসে যাওয়ার ব্যাপারে সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী আমাকে অবগত করেছেন। তবে ধসে যাওয়া সড়কটি পানি উন্নয়ন বোর্ডের রেকর্ডে নেই। সড়কটির ব্যাপারে সড়ক ও জনপথ বিভাগই ব্যবস্থা নিতে পারবে।

কামারখন্দ উপজেলা নির্বাহী কর্মকর্তার দায়িত্বে থাকা সহকারী কমিশনার (ভূমি) সুমা খাতুন জানান, ফুলজোড় নদী খনন প্রকল্পে অবৈধ ড্রেজার বসিয়ে নদী খনন করা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে ঐ এলাকায় অভিযান পরিচালনা করা হয়। অভিযানে অবৈধ ড্রেজার বসিয়ে নদী খনন করায় ঠিকাদারি প্রতিষ্ঠানকে এক লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। এর আগে সড়কের উপর বালু সঞ্চালনের পাইপ বসিয়ে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করায় ঠিকাদারি প্রতিষ্ঠানের দায়িত্বে থাকা ইউসুফকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

First Draft:

কামারখন্দে নদী খননে অনিয়মঃ

কৃষকের জমিতে বালুর স্তূপ, নিষেধে প্রাণনাশের হুমকি

সিরাজগঞ্জের কামারখন্দে নিয়ম না মেনে নদী খনন করায় ক্ষতিগ্রস্ত হচ্ছে সাধারণ কৃষক। অনিয়মের প্রতিবাদ করায় দেওয়া হচ্ছে প্রাণনাশের হুমকি। ঘটনার তদন্ত ও দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট দপ্তরে অভিযোগ দায়ের করেছেন ভুক্তভোগী কৃষকরা।

জানা গেছে, ঝাটিবেলাই ফুলজোড় নদী খনন প্রকল্পের কাজ পায় ঠিকাদারি প্রতিষ্ঠান আয়ান কন্সট্রাকশন। প্রতিষ্ঠানটির দায়িত্বে থাকা ইউসুফ, ভদ্রঘাট ইউনিয়ন আওয়ামীলীগের সদস্য সাবেক ইউপি সদস্য আবুল কালাম মণ্ডল, ভদ্রঘাট ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি জামাল উদ্দিন তালুকদার, সহ-সভাপতি ও সাবেক ইউপি সদস্য আনোয়ার তালুকদারসহ আরও বেশ কয়েকজনের নেতৃত্বে অবৈধভাবে ড্রেজার বসিয়ে বালু উত্তোলন করে সাধারণ কৃষকদের জমিতে স্তূপ করে রাখা হয়। ফসলি জমিতে বালু রাখতে নিষেধ করলে তাদেরকে গুম ও প্রাণনাশের হুমকি দেয় ইউসুফসহ স্থানীয় আওয়ামী লীগ নেতারা। ফসলি জমিতে বালু রাখায় প্রায় ৪০ থেকে ৪৫ বিঘা জমির ফসল ক্ষতিগ্রস্ত হয়।

বাঙালী, করতোয়া, ফুলজোড় ও হুড়াসাগর নদী মূলত ২০ ইঞ্চি হাইড্রোলিক ড্রেজার দিয়ে খনন করার নিয়ম থাকলেও ঠিকাদারি প্রতিষ্ঠান আয়ান কন্সট্রাকশন ১২ ইঞ্চি বাংলা ড্রেজারের মাধ্যমে নদী খনন করে আসছে। বাংলা ড্রেজার দিয়ে নদী খনন করায় নদীর দুই পাড়ে ফসলি জমি নদীতে বিলীন হওয়ায় ক্ষতিগ্রস্ত হচ্ছে স্থানীয় কৃষকরা। এছাড়াও নদীর পাশের সড়কের মাটি ধ্বসে যাওয়ায় হুমকির মুখে কামারখন্দ-নলকা সড়কসহ নানা স্থাপনা।

এ ব্যাপারে ক্ষতিগ্রস্তদের পক্ষে অভিযোগকারী কৃষক মাহফুজুর রহমান বলেন, আমাদের ফসলি জমির ফসল নষ্ট ও চাষাবাদ ব্যাহত করায় ঠিকাদারি প্রতিষ্ঠান ও স্থানীয় আওয়ামীলীগ নেতাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা নির্বাহী কর্মকর্তা, কামারখন্দ থানার ওসি ও সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী বরাবর লিখিত অভিযোগ দিয়েছি। অভিযোগ পেয়ে প্রশাসনের কর্মকর্তা ও পুলিশ এসে ঘটনাস্থল পরিদর্শন করে ঠিকাদারি প্রতিষ্ঠানকে জরিমানা করেছে।

আয়ান কন্সট্রাকশনের দায়িত্বে থাকা ইউসুফ বলেন, সড়কের ওপর দিয়ে বালুর পাইপ নেওয়ার ব্যাপারে সহকারী কমিশনার (ভূমি) জরিমানা ও পাইপ অপসারণের নির্দেশ দেন। পরবর্তীতে সড়ক বিভাগের অনুমতি পাওয়ায় পাইপ আর অপসারণ করা হয়নি। আমরা এখানে কোন অবৈধ কাজ করছি না, বৈধ কাজ করা হচ্ছে। তারপরও স্থানীয়দের ম্যানেজ করেই কাজ করতে হয়।

সিরাজগঞ্জ পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মাহবুবুর রহমান বলেন, ঝাটিবেলাই এলাকায় ফুলজোড় নদী খননের উত্তোলিত বালুর কারণে ক্ষতিগ্রস্ত কৃষকদের কোন অভিযোগ পাইনি। তবে, ফুলজোড় নদী খনন প্রকল্পে অবৈধ ড্রেজার দিয়ে বালু উত্তোলন করায় স্থানীয় প্রশাসন ঠিকাদারি প্রতিষ্ঠানকে জরিমানা করেছে। নিয়ম বহির্ভূতভাবে নদী খনন করায় সড়ক ধ্বসে যাওয়ার ব্যাপারে সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী আমাকে অবগত করেছে। তবে ধ্বসে যাওয়া সড়কটি পানি উন্নয়ন বোর্ডের রেকর্ডে নেই। সড়কটির ব্যাপারে সড়ক ও জনপথ বিভাগই ব্যবস্থা নিতে পারবে।

কামারখন্দ উপজেলা নির্বাহী কর্মকর্তার দায়িত্বে থাকা সহকারি কমিশনার (ভূমি) সুমা খাতুন জানান, ফুলজোড় নদী খনন প্রকল্পে অবৈধ ড্রেজার বসিয়ে নদী খনন করা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে ঐ এলাকায় অভিযান পরিচালনা করা হয়। অভিযানে অবৈধ ড্রেজার বসিয়ে নদী খনন করায় ঠিকাদারি প্রতিষ্ঠানকে এক লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। এর আগে সড়কের উপর বালু সঞ্চালনের পাইপ বসিয়ে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করায় ঠিকাদারি প্রতিষ্ঠানের দায়িত্বে থাকা ইউসুফকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

Correspondent's Copy:

কামারখন্দে ফুলজোড় নদী খননের নামে ঠিকাদার আওয়ামীলীগ নেতাদের সন্ত্রাসী কার্যক্রম, নিয়ম বহির্ভুত ভাবে নদী খনন করায় ক্ষতিগ্রস্থ কৃষক

সিরাজগঞ্জের কামারখন্দ উপজেলার ফুলজোড় নদী খননের নামে চলছে সন্ত্রাসী কার্যক্রম। নিয়ম বহির্ভুত ভাবে নদী খনন করায় ক্ষতিগ্রস্থ হচ্ছে সাধারণ কৃষক। এসব অনিয়মের প্রতিবাদ করায় কৃষকদের দেওয়া হচ্ছে প্রাণনাশের হুমকি। এ ঘটনা তদন্ত ও দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে জেলা প্রশাসক সহ সংশ্লিষ্ট দপ্তরে অভিযোগ দায়ের করেছেন ভুক্তভোগী কৃষকরা।

অভিযোগ সুত্রে জানা গেছে, ঝাটিবেলাই ফুলজোড় নদী খনন প্রকল্পে ঠিকাদারী প্রতিষ্ঠান আয়ান কনস্ট্রাকশনের দায়িত্বে থাকা ইউসুফ, ভদ্রঘাট ইউনিয়ন আওয়ামীলীগের সদস্য সাবেক ইউপি সদস্য আবুল কালাম মন্ডল, ভদ্রঘাট ইউনিয়নের ৯নং ওয়ার্ডের আওয়ামীলীগের সভাপতি জামাল উদ্দিন তালুকদার, সহ সভাপতি সাবেক ইউপি সদস্য আনোয়ার তালুকদার সহ আরও বেশ কয়েকজন আওয়ামীলীগের নেতা যোগসাজসে অবৈধভাবে ১২ ইঞ্চি বাংলা ড্রেজার বসিয়ে বালু উত্তোলন করে উত্তোলিত বালু সাধারণ কৃষকদের জমিতে স্তুপ করে রাখে। এসময় কৃষকরা তাদের ফসলি জমিতে বালুর স্তুপ করতে নিষেধ করলে তাদের গুম ও প্রাণনাশের হুমকি দেয় ইউসুফ সহ স্থানীয় আওয়ামীলীগের নেতাকর্মীরা। পরবর্তীতে গ্রামের সরল কৃষকদের নিষেধাজ্ঞা উপেক্ষা করে ফসলি জমিতেই বালুর স্তুপ করে ঠিকাদারী প্রতিষ্ঠান ও প্রভাবশালী আওয়ামীলীগের নেতাকর্মীরা। ফসলি জমিতে বালুর স্তুপ করার ফলে স্তুপকৃত বালুর পানি ও বালু ধ্বসে ৪০/৪৫ বিঘা জমির ধানের বীজতলা বিভিন্ন অর্থকরী ফসল ক্ষতিগ্রস্থ হয়।

অভিযোগে উল্লেখ করা হয়, বাঙালী, করতোয়া, ফুলজোড় ও হুড়াসাগর নদী মূলত ২০ ইঞ্চি হাইড্রোলিক ড্রেজার দিয়ে খনন করার নিয়ম থাকলেও ঠিকাদারী প্রতিষ্ঠান আয়ান কনস্ট্রাকশন ১২ ইঞ্চি বাংলা ড্রেজারের মাধ্যমে নদী খনন করে আসছে। বাংলা ড্রেজার দিয়ে নদী খনন করায় নদীর দুই পারে ফসলি জমি নদীতে বিলীন হওয়ায় ক্ষতিগ্রস্থ কৃষকরা দিশেহারা হয়ে পড়েছে। এছাড়াও নদীর পাশের সড়কের ব০ক ধ্বসে যাওয়ায় হুমকির মুখে কামারখন্দ-নলকা সড়ক সহ নানা স্থাপনা।

এ ব্যাপারে ক্ষতিগ্রস্থ কৃষকদের পক্ষে অভিযোগকারী কৃষক মাহফুজুর রহমান বলেন, আমাদের ফসলি জমির ফসল নষ্ট ও চাষাবাত ব্যাহত করায় নদী খননের ঠিকাদারী প্রতিষ্ঠান ও স্থানীয় আওয়ামীলীগ নেতাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা নির্বাহী কর্মকর্তা, কামারখন্দ থানার ওসি ও সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী বরাবর লিখিত অভিযোগ দিয়েছি। অভিযোগের প্রেক্ষিতে প্রশাসনের কর্মকর্তা ও পুলিশ এসে ঘটনাস্থল পরিদর্শন করে ঠিকাদারী প্রতিষ্ঠানকে জরিমানা করেছে।

ঠিকাদারী প্রতিষ্ঠান আয়ান কনস্ট্রাকশনের দায়িত্বে থাকা ইউসুফ জানান, সড়কের ওপর দিয়ে বালুর পাইপ নেওয়ার ব্যাপারে সহকারি কমিশনার (ভূমি) জরিমানা ও পাইপ অপসারণের নির্দেশ দিলেও পরবর্তীতে সড়ক বিভাগের অনুমতি পাওয়ায় পাইপ অপসারণ করা হয়নি। আমরা এখানে কোন অবৈধ কাজ করছি না, বৈধ কাজ করা হচ্ছে। তারপরও স্থানীয়দের ম্যানেজ করেই কাজ করতে হয়।

সিরাজগঞ্জ সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী আবুল কালাম আজাদ জানান, ঝাটিবেলাই এলাকায় যে সড়কটিতে ধ্বস দেখা দিয়েছে সেই সড়কটি মূলত পানি উন্নয়ন বোর্ডের নদী রক্ষা বাধ। সড়ক ও জনপথ বিভাগ শুধু সেই বাধের ওপর যাতায়াতের জন্য সড়ক নির্মাণ করে দিয়েছে। এ ব্যাপারে পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তার সঙ্গে কথা বলার পরামর্শ দেন তিনি।

সিরাজগঞ্জ পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মাহবুবুর রহমান জানান, ঝাটিবেলাই এলাকায় ফুলজোড় নদী খননের উত্তোলিত বালুর কারণে ক্ষতিগ্রস্থ কৃষকদের কোন অভিযোগ পাইনি। তবে ফুলজোড় নদী খনন প্রকল্পে অবৈধ ড্রেজার দিয়ে বালু উত্তোলন করায় স্থানীয় প্রশাসন ঠিকাদারী প্রতিষ্ঠানকে জরিমানা করেছে বলে খবর পেয়েছি। নিয়ম বহির্ভূত ভাবে নদী খনন করায় সড়ক ধ্বসে যাওয়ার ব্যাপারে সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী আমাকে অবগত করেছে। তবে ধ্বসে যাওয়া সড়কটি পানি উন্নয়ন বোর্ডের রেকর্ডে নেই। সড়কটির ব্যাপারে সড়ক ও জনপথ বিভাগই ব্যাবস্থা নিতে পারবে।

কামারখন্দ উপজেলা নির্বাহী কর্মকর্তার দায়িত্বে থাকা সহকারি কমিশনার (ভূমি) সুমা খাতুন জানান, ফুলজোড় নদী খনন প্রকল্পে অবৈধ ড্রেজার বসিয়ে নদী খনন করা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে রবিবার বিকেলে ফুলজোড় নদীর ঝাটিবেলাই এলাকায় অভিযান পরিচালনা করা হয়। অভিযানে অবৈধ ড্রেজার বসিয়ে নদী খনন করায় ঠিকাদারী প্রতিষ্ঠান আয়ান কনস্ট্রাকশনের কর্মী তানভীর হাসানকে এক লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। এর আগে নদী খননের উত্তোলিত বালু সড়কের উপর দিয়ে বালুর সঞ্চালন পাইপ বসিয়ে সড়ক দিয়ে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করায় ঠিকাদারী প্রতিষ্ঠানের দায়েত্ব থাকা ইউসুফকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

সিরাজগঞ্জের অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ইমরান হোসেন জানান, ঝাটিবেলাই এলাকায় বালু উত্তোলনের কারণে ক্ষতিগ্রস্থ কৃষকদের অভিযোগের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে উপজেলা নির্বাহী কর্মকর্তাকে নির্দেশ দেওয়া হয়েছে।##

রাকিবুল ইসলাম রুবেল

কামারখন্দ, সিরাজগঞ্জ। ০৪-০৩-২০২৪

Challenges: The news was significant, important, and sensitive. Editing this type of challenging news as an intern is always tough. The headline in the correspondent's draft was not specific or perfect. So, creating a perfect headline and subheading was a challenging task.

My Mistakes:

- The headline I wrote was unclear.
- The subheading was too long.
- The lead paragraph was somewhat confusing.

My Learning:

- Acquired the skill of crafting clear and concise headlines
- Learned to use subheadings effectively.
- Gained the skill to align lead paragraphs with the headlines.
- Developed proficiency in cutting out unnecessary information.

URL Link: https://www.ittefaq.com.bd/680387

সারাদেশ

> সারাদেশ

নদী খননে অনিয়ম

ফসলি জমিতে বালু রাখতে নিষেধ করায় প্রাণনাশের হুমকি

রাকিবুল ইসলাম রুবেল, কামারখন্দ (সিরাজগঞ্জ) সংবাদদাতা

প্রকাশ : ১০ মার্চ ২০২৪, ১৩:২২

অবৈধ ড্রেজার দিয়ে বালু উত্তোলন করায় ক্ষতিগ্রস্থ হচ্ছেন সাধারণ কৃষকরা। ছবি: ইত্তেফাক

সিরাজগঞ্জের কামারখন্দে নিয়ম না মেনে নদী খনন করায় ক্ষতিগ্রস্ত হচ্ছেন সাধারণ কৃষক। ফসলি জমিতে বালু রাখতে নিষেধ করায় প্রাণনাশের হুমকি দিয়েছে স্থানীয় আওয়ামী লীগ নেতারা। ঘটনার তদন্ত ও দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট দপ্তরে অভিযোগ করেছেন ভুক্তভোগী কৃষকরা।

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

জানা গেছে, ঝাটিবেলাই ফুলজোড় নদী খনন প্রকল্পের কাজ পায় ঠিকাদারি প্রতিষ্ঠান আয়ান কন্সট্রাকশন। প্রতিষ্ঠানটির ম্যানেজার মো. ইউসুফ, ভদ্রঘাট ইউনিয়ন আওয়ামী লীগের সদস্য ও সাবেক ইউপি সদস্য আবুল কালাম মণ্ডল, ভদ্রঘাট ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি জামাল উদ্দিন তালুকদার, সহসভাপতি ও সাবেক ইউপি সদস্য আনোয়ার তালুকদারসহ আরও বেশ কয়েকজনের নেতৃত্বে অবৈধভাবে ড্রেজার বসিয়ে বালু উত্তোলন করে সাধারণ কৃষকদের জমিতে স্তূপ করে রাখা হয়। ফসলি জমিতে বালু রাখতে নিষেধ করলে কৃষকদের গুম ও প্রাণনাশের হুমকি দেয় ঠিকাদারি প্রতিষ্ঠানের ম্যানেজার মো. ইউসুফসহ স্থানীয় আওয়ামী লীগ নেতারা। ফসলি জমিতে বালু রাখায় প্রায় ৪০ থেকে ৪৫ বিঘা জমির ফসল ক্ষতিগ্রস্ত হয়।

অবৈধ উপায়ে নদী খনন করায় ধসে গেছে সড়ক। ছবি: ইত্তেফাক

Figure 8.1: **Published News (URL Screenshot)**

অভিযোগ সূত্রে জানা যায়, বাঙালী, করতোয়া, ফুলজোড় ও হুড়াসাগর নদী মূলত ২০ ইঞ্চি হাইড্রোলিক ড্রেজার দিয়ে খনন করার নিয়ম থাকলেও ঠিকাদারি প্রতিষ্ঠান আয়ান কন্সট্রাকশন ১২ ইঞ্চি বাংলা ড্রেজারের মাধ্যমে নদী খনন করে আসছে। বাংলা ড্রেজার দিয়ে নদী খনন করায় নদীর দুই পাড়ে ফসলি জমি নদীতে বিলীন হওয়ায় ক্ষতিগ্রস্ত হচ্ছেন স্থানীয় কৃষকরা। এ ছাড়াও নদীর পাশের সড়কের মাটি ধসে যাওয়ায় হুমকির মুখে কামারখন্দ-নলকা সড়কসহ বিভিন্ন স্থাপনা।

ভুক্তভোগীদের পক্ষে কৃষক মাহফুজুর রহমান বলেন, আমাদের ফসলি জমির ফসল নষ্ট ও চাষাবাদ ব্যাহত করায় ঠিকাদারি প্রতিষ্ঠান ও স্থানীয় আওয়ামী লীগ নেতাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা নির্বাহী কর্মকর্তা, কামারখন্দ থানার ওসি ও সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী বরাবর লিখিত অভিযোগ দিয়েছি। অভিযোগ পেয়ে প্রশাসনের কর্মকর্তা ও পুলিশ এসে ঘটনাস্থল পরিদর্শন করে ঠিকাদারি প্রতিষ্ঠানকে জরিমানা করেছে।

অভিযুক্ত আয়ান কন্সট্রাকশনের ম্যানেজার মো. ইউসুফ বলেন, সড়কের ওপর দিয়ে বালুর পাইপ নেওয়ায় সহকারী কমিশনার (ভূমি) পাইপ অপসারণের নির্দেশ দিয়ে জরিমানা করেন। পরবর্তীতে সড়ক বিভাগের অনুমতি পাওয়ায় পাইপ আর অপসারণ করা হয়নি। আমরা এখানে কোনো অবৈধ কাজ করছি না, বৈধ কাজ করা হচ্ছে। তারপরও স্থানীয়দের ম্যানেজ করেই কাজ করতে হয়।

অবৈধভাবে উত্তোলন করা বালুর স্তূপ। ছবি: ইত্তেফাক

সিরাজগঞ্জ পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মাহবুবুর রহমান বলেন, ঝাটিবেলাই এলাকায় ফুলজোড় নদী খননের উত্তোলিত বালুর কারণে ক্ষতিগ্রস্ত কৃষকদের কোনো অভিযোগ পাইনি। তবে, ফুলজোড় নদী খনন প্রকল্পে অবৈধ ড্রেজার দিয়ে বালু উত্তোলন করায় স্থানীয় প্রশাসন ঠিকাদারি প্রতিষ্ঠানকে জরিমানা করেছে। নিয়ম বহির্ভূতভাবে নদী খনন করায় সড়ক ধসে যাওয়ার ব্যাপারে সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী আমাকে অবগত করেছেন। তবে ধসে যাওয়া সড়কটি পানি উন্নয়ন বোর্ডের রেকর্ডে নেই। সড়কটির ব্যাপারে সড়ক ও জনপথ বিভাগই ব্যবস্থা নিতে পারবে।

কামারখন্দ উপজেলা নির্বাহী কর্মকর্তার দায়িত্বে থাকা সহকারী কমিশনার (ভূমি) সুমা খাতুন জানান, ফুলজোড় নদী খনন প্রকল্পে অবৈধ ড্রেজার বসিয়ে নদী খনন করা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে ঐ এলাকায় অভিযান পরিচালনা করা হয়। অভিযানে অবৈধ ড্রেজার বসিয়ে নদী খনন করায় ঠিকাদারি প্রতিষ্ঠানকে এক লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। এর আগে সড়কের উপর বালু সঞ্চালনের পাইপ বসিয়ে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করায় ঠিকাদারি প্রতিষ্ঠানের দায়িত্বে থাকা ইউসুফকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

ইত্তেফাক/এসএআর/পিও

বিষয়: আওয়ামী লীগ | অভিযোগ | সিরাজগঞ্জ | কৃষক | নদী দখল | কৃষিজমি ভরাট | বালু উত্তোলন

Figure 8.2: **Published News (URL Screenshot)**

Project-9

Project Title: Central Desk/Saradesh **(নদী খননে অনিয়মঃ ঠিকাদারসহ ৬ জনের বিরুদ্ধে মামলা, ড্রেজার মালিক গ্রেপ্তার)**

Type of Work: Online Report

Assigned Date: March 12, 2024

Published Date: March 12, 2024

Project Details: This report follows up on the previous one featured in project-8. On that day, I witnessed the impactful influence of the media firsthand. Upon publishing the previous report in the Daily Ittefaq, the authorities quickly took action and arrested the people involved. It made me proud to be a part of it. As I edited the previous report, my supervisor rewarded me by assigning the editing of this follow-up. It was a piece of news where I did not make any mistakes.

My Roles and Responsibilities:

- Align with the prior report and draft a thorough follow-up.
- Ensure the report is accurate, clear, and has the background information.
- Look for grammar errors, typos, and inconsistencies.
- Giving credit to the Ittefaq online for the outcome.
- Work quickly to finish on time for publishing.

Final Draft:

নদী খননে অনিয়মঃ

ঠিকাদারসহ ৬ জনের বিরুদ্ধে মামলা, ড্রেজার মালিক গ্রেপ্তার

সিরাজগঞ্জের কামারখন্দে ফুলজোড় নদী খননে অনিয়ম ও বাংলা ড্রেজারের মাধ্যমে অবৈধভাবে বালু উত্তোলন করে বিক্রির অভিযোগে ঠিকাদার, ড্রেজার মালিক ও বালু বিক্রেতাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। এ মামলায় ড্রেজার মালিক পরিমলকে গ্রেপ্তার করেছে পুলিশ।

১০ মার্চ ইত্তেফাক অনলাইনে ‘নদী খননে অনিয়ম: ফসলি জমিতে বালু রাখতে নিষেধ করায় প্রাণনাশের হুমকি’ শিরোনামে খবর প্রকাশের পর দিন সোমবার (১১ মার্চ) রাতে কামারখন্দ থানায় মামলা দায়ের করেন ভদ্রঘাট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা তারেক মুর্শেদ।

মামলা সূত্রে জানা যায়, ভদ্রঘাট ইউনিয়নের ঝাটিবেলাই মৌজার আরএস ১ নম্বর খাস খতিয়ানের আরএস ২০৪ নম্বর দাগের নদীর জমি থেকে অবৈধ বাংলা ড্রেজারের মাধ্যমে নদীর তলদেশ থেকে অবৈধভাবে বালু উত্তোলন করে পাইপের মাধ্যমে মুগবেলাই গ্রামের আসলাম সরকারের জমি ভরাট করা হচ্ছে। এর আগে একই গ্রামের গিয়াস উদ্দিন সরকারের জমিও একইভাবে বালু দিয়ে ভরাট করা হয়। সরকারি সম্পত্তি থেকে অবৈধ বাংলা ড্রেজারের মাধ্যমে নদীর তলদেশ থেকে অবৈধভাবে বালু উত্তোলন কাজে শাহজাদপুর উপজেলার পুঠিয়া গ্রামের বাসিন্দা ও ঠিকাদারি প্রতিষ্ঠান আয়ান কন্সট্রাকশনের ম্যানেজার ইউসুফ আলী (৩০), কামারখন্দ উপজেলার কুটিরচর পশ্চিম পাড়ার বাসিন্দা ড্রেজার মালিক পরিমল (৫৫), রায়গঞ্জ উপজেলার নলকা গ্রামের বাসিন্দা ড্রেজার মালিক বাবু (৫২), কামারখন্দ উপজেলার মুগবেলাই গ্রামের বালু বিক্রেতা ঝন্টু সরকার (৫০), আসাদুল সরকার (৩৩) এবং রকিব খান (৩২) অবৈধভাবে সরকারি নদীর জমি থেকে বালু উত্তোলনের কাজে জড়িত আছে। আসলাম সরকার ও গিয়াস উদ্দিন সরকারের জমি ভরাটে যে পরিমাণ উত্তোলিত বালু ব্যবহার করা হয়েছে তাতে সরকারের ৭ থেকে ৮ লক্ষ টাকার রাজস্ব ক্ষতি হয়েছে বলে মামলায় উল্লেখ করা হয়।

কামারখন্দ থানার ওসি মো. রেজাউল ইসলাম জানান, নদীর জমি থেকে অবৈধ বাংলা ড্রেজারের মাধ্যমে নদীর তলদেশ থেকে অবৈধভাবে বালু উত্তোলন করে বিক্রির ঘটনায় ভদ্রঘাট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা তারেক মুর্শেদ বাদী হয়ে সোমবার রাতে থানায় মামলা দায়ের করেছেন। মামলার দুই নম্বর আসামি ড্রেজার মালিক পরিমলকে রাতেই গ্রেপ্তার করা হয়েছে। অন্য আসামিদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।

First Draft:

নদী খননে অনিয়মঃ

ঠিকাদারসহ ৬ জনের বিরুদ্ধে মামলা, ড্রেজার মালিক গ্রেপ্তার

সিরাজগঞ্জের কামারখন্দে ফুলজোড় নদী খননে অনিয়ম ও বাংলা ড্রেজারের মাধ্যমে অবৈধভাবে বালু উত্তোলন করে বিক্রির অভিযোগে ঠিকাদার, ড্রেজার মালিক ও বালু বিক্রেতাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। এ মামলায় ড্রেজার মালিক পরিমলকে গ্রেপ্তার করেছে পুলিশ।

১০ মার্চ ইত্তেফাক অনলাইনে ‘নদী খননে অনিয়ম: ফসলি জমিতে বালু রাখতে নিষেধ করায় প্রাণনাশের হুমকি’ শিরোনামে খবর প্রকাশের পর দিন সোমবার (১১ মার্চ) রাতে কামারখন্দ থানায় মামলা দায়ের করেন ভদ্রঘাট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা তারেক মুর্শেদ।

মামলা সূত্রে জানা যায়, ভদ্রঘাট ইউনিয়নের ঝাটিবেলাই মৌজার আরএস ১ নম্বর খাস খতিয়ানের আরএস ২০৪ নম্বর দাগের নদীর জমি থেকে অবৈধ বাংলা ড্রেজারের মাধ্যমে নদীর তলদেশ থেকে অবৈধভাবে বালু উত্তোলন করে পাইপের মাধ্যমে মুগবেলাই গ্রামের আসলাম সরকারের জমি ভরাট করা হচ্ছে। এর আগে একই গ্রামের গিয়াস উদ্দিন সরকারের জমিও একইভাবে বালু দিয়ে ভরাট করা হয়। সরকারি সম্পত্তি থেকে অবৈধ বাংলা ড্রেজারের মাধ্যমে নদীর তলদেশ থেকে অবৈধভাবে বালু উত্তোলন কাজে শাহজাদপুর উপজেলার পুঠিয়া গ্রামের বাসিন্দা ও ঠিকাদারি প্রতিষ্ঠান আয়ান কন্সট্রাকশনের ম্যানেজার ইউসুফ আলী (৩০), কামারখন্দ উপজেলার কুটিরচর পশ্চিম পাড়ার বাসিন্দা ড্রেজার মালিক পরিমল (৫৫), রায়গঞ্জ উপজেলার নলকা গ্রামের বাসিন্দা ড্রেজার মালিক বাবু (৫২), কামারখন্দ উপজেলার মুগবেলাই গ্রামের বালু বিক্রেতা ঝন্টু সরকার (৫০), আসাদুল সরকার (৩৩) এবং রকিব খান (৩২) অবৈধভাবে সরকারি নদীর জমি থেকে বালু উত্তোলনের কাজে জড়িত আছে। আসলাম সরকার ও গিয়াস উদ্দিন সরকারের জমি ভরাটে যে পরিমাণ উত্তোলিত বালু ব্যবহার করা হয়েছে তাতে সরকারের ৭ থেকে ৮ লক্ষ টাকার রাজস্ব ক্ষতি হয়েছে বলে মামলায় উল্লেখ করা হয়।

কামারখন্দ থানার ওসি মো. রেজাউল ইসলাম জানান, নদীর জমি থেকে অবৈধ বাংলা ড্রেজারের মাধ্যমে নদীর তলদেশ থেকে অবৈধভাবে বালু উত্তোলন করে বিক্রির ঘটনায় ভদ্রঘাট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা তারেক মুর্শেদ বাদী হয়ে সোমবার রাতে থানায় মামলা দায়ের করেছেন। মামলার দুই নম্বর আসামি ড্রেজার মালিক পরিমলকে রাতেই গ্রেপ্তার করা হয়েছে। অন্য আসামিদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।

Correspondent's Copy:

কামারখন্দে ফুলজোড় নদীতে অবৈধ বালু উত্তোলন করায় ঠিকাদার সহ ৬ জনের নামে মামলা, ড্রেজার মালিক গ্রেফতার

সিরাজগঞ্জের কামারখন্দে ফুলজোড় নদী থেকে অবৈধ বাংলা ড্রেজারের মাধ্যমে অবৈধভাবে বালু উত্তোলন করে বিক্রির অভিযোগে ঠিকাদার, ড্রেজারের মালিক ও বালু বিক্রেতাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। এঘটনায় ড্রেজার মালিক পরিমলকে (৫৫) গ্রেফতার করেছে পুলিশ। পরিমল কামারখন্দ উপজেলার কুটির চর পশ্চিম পাড়ার মোকবুল হোসেনের ছেলে।

সরকারি নদীর জমি থেকে অবৈধভাবে বালু উত্তোলন করে বিক্রির অভিযোগে সোমবার রাতে কামারখন্দ থানায় মামলা দায়ের করেন ভদ্রঘাট ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা তারেক মুর্শেদ।

মামলায় উল্লেখ করা হয়, ভদ্রঘাট ইউনিয়নের ঝাটিবেলাই মৌজার আরএস এক নম্বর খাস খতিয়ানের আরএস ২০৪ নম্বর দাগের নদীর জমি থেকে অবৈধ বাংলা ড্রেজারের মাধ্যমে নদীর তলদেশ থেকে অবৈধভাবে বালু উত্তোলন করে পাইপের মাধ্যমে মুগবেলাই গ্রামের আসলাম সরকারের জমিতে বালু ভরাট করা হচ্ছে। এর আগে একই ভাবে একই গ্রামের গিয়াস উদ্দিন সরকারের জমিতে বালু ভরাট করা হয়। সরকারি সম্পত্তি থেকে অবৈধ বাংলা ড্রেজারের মাধ্যমে নদীর তলদেশ থেকে অবৈধভাবে বালু উত্তোলন কাজে শাহজাদপুর উপজেলার ভহিরথ পুঠিয়া ইসলামপুর গ্রামের বাসিন্দা ঠিকাদারী প্রতিষ্ঠান আয়ান কনস্ট্রাকশনের ম্যানেজার ইউসুফ আলী (৩০), কামারখন্দ উপজেলার কুটির চর পশ্চিম পাড়ার বাসিন্দা ড্রেজারের মালিক পরিমল (৫৫), রায়গঞ্জ উপজেলার নলকা গ্রামের বাসিন্দা ড্রেজার মালিক বাবু (৫২), কামারখন্দ উপজেলার মুগবেলাই গ্রামের বাসিন্দা বালু বিক্রেতা ঝন্টু সরকার (৫০), আসাদুল সরকার (৩৩) এবং রকিব খান (৩২) অবৈধভাবে সরকারি নদীর জমি থেকে বালু উত্তোলনের কাজে জড়িত আছে। উত্তোলিত বালু আসলাম সরকার ও গিয়াস উদ্দিন সরকারের জমিতে যে পরিমাণ বালু ভরাট হয়েছে তাতে সরকারের ৭-৮ লক্ষ টাকার রাজস্ব ক্ষতিসাধন হয়েছে বলে মামলায় উল্লেখ করা হয়।

কামারখন্দ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহা. রেজাউল ইসলাম জানান, সরকারি নদীর জমি থেকে অবৈধ বাংলা ড্রেজারের মাধ্যমে নদীর তলদেশ থেকে অবৈধভাবে বালু উত্তোলন করে বিক্রির ঘটনায় ভদ্রঘাট ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা তারেক মুর্শেদ বাদী হয়ে সোমবার রাতে থানায় মামলা দায়ের করেছেন। মামলার দুই নম্বর আসামী ড্রেজার মালিক পরিমলকে রাতেই গ্রেফতার করা হয়েছে। অন্য আসামীদের গ্রেফতারের চেষ্টা চলছে। **উল্লেখ্য, গত রবিবার (১০ মার্চ) ফুলজোড় নদীতে অবৈধ বাংলা ড্রেজারের মাধ্যমে অবৈধভাবে বালু উত্তোলনের প্রতিবেদন করে ইত্তেফাক অনলাইন।#**

Challenges: The news was a follow-up story, which was something new for me since I had not written one before. The challenge was to link it to the previous news and properly credit 'Ittefaq Online' for the outcomes that followed the initial report. Even though it was new to me, I managed to get the job done.

My Mistakes: Everything went smoothly. I did not make any errors.

My Learning:

- Learned to craft detailed follow-up reports for accurate news updates.
- Learned how to link earlier news with follow-up reports, ensuring readers quickly understand the ongoing developments.
- Learned the use of hyperlinks within articles to facilitate easy access to related information.
- Learned how to take credit if any actions are taken as a result of published news.

URL Link: https://www.ittefaq.com.bd/680612

সারাদেশ

সারাদেশ

নদী খননে অনিয়ম

ঠিকাদারসহ ৬ জনের বিরুদ্ধে মামলা, ড্রেজার মালিক গ্রেপ্তার

রাকিবুল ইসলাম রুবেল, কামারখন্দ (সিরাজগঞ্জ) সংবাদদাতা

প্রকাশ : ১২ মার্চ ২০২৪, ১২:৫২

ছবি: ইত্তেফাক

সিরাজগঞ্জের কামারখন্দে ফুলজোড় নদী খননে অনিয়ম ও বাংলা ড্রেজারের মাধ্যমে অবৈধভাবে বালু উত্তোলন করে বিক্রির অভিযোগে ঠিকাদার, ড্রেজার মালিক ও বালু বিক্রেতাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। এ মামলায় ড্রেজার মালিক পরিমলকে গ্রেপ্তার করেছে পুলিশ।

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

১০ মার্চ ইত্তেফাক অনলাইনে 'নদী খননে অনিয়ম: ফসলি জমিতে বালু রাখতে নিষেধ করায় প্রাণনাশের হুমকি' শিরোনামে খবর প্রকাশের পর দিন সোমবার (১১ মার্চ) রাতে কামারখন্দ থানায় মামলা দায়ের করেন ভদ্রঘাট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা তারেক মুর্শেদ।

ফসলি জমিতে বালু রাখতে নিষেধ করায় প্রাণনাশের হুমকি

মামলা সূত্রে জানা যায়, ভদ্রঘাট ইউনিয়নের ঝাটিবেলাই মৌজার আরএস ১ নম্বর খাস খতিয়ানের আরএস ২০৪ নম্বর দাগের নদীর জমি থেকে অবৈধ বাংলা ড্রেজারের মাধ্যমে নদীর তলদেশ থেকে অবৈধভাবে বালু উত্তোলন করে পাইপের মাধ্যমে মুগবেলাই গ্রামের আসলাম সরকারের জমি ভরাট করা হচ্ছে। এর আগে একই গ্রামের গিয়াস উদ্দিন সরকারের জমিও একইভাবে বালু দিয়ে ভরাট করা হয়। সরকারি সম্পত্তি থেকে অবৈধ বাংলা ড্রেজারের মাধ্যমে নদীর তলদেশ থেকে অবৈধভাবে বালু উত্তোলন কাজে শাহজাদপুর উপজেলার পুঠিয়া গ্রামের বাসিন্দা ও ঠিকাদারি প্রতিষ্ঠান আয়ান কন্সট্রাকশনের ম্যানেজার ইউসুফ আলী (৩০), কামারখন্দ উপজেলার কুটিরচর পশ্চিম পাড়ার বাসিন্দা ড্রেজার মালিক পরিমল (৫৫), রায়গঞ্জ উপজেলার নলকা গ্রামের বাসিন্দা ড্রেজার মালিক বাবু (৫২), কামারখন্দ উপজেলার মুগবেলাই গ্রামের বালু বিক্রেতা ঝন্টু সরকার (৫০), আসাদুল সরকার (৩৩) এবং রকিব খান (৩২) অবৈধভাবে সরকারি নদীর জমি থেকে বালু উত্তোলনের কাজে জড়িত আছে। আসলাম সরকার ও গিয়াস উদ্দিন সরকারের জমি ভরাটে যে পরিমাণ উত্তোলিত বালু ব্যবহার করা হয়েছে তাতে সরকারের ৭ থেকে ৮ লক্ষ টাকার রাজস্ব ক্ষতি হয়েছে বলে মামলায় উল্লেখ করা হয়।

কামারখন্দ থানার ওসি মো. রেজাউল ইসলাম জানান, নদীর জমি থেকে অবৈধ বাংলা ড্রেজারের মাধ্যমে নদীর তলদেশ থেকে অবৈধভাবে বালু উত্তোলন করে বিক্রির ঘটনায় ভদ্রঘাট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা তারেক মুর্শেদ বাদী হয়ে সোমবার রাতে থানায় মামলা দায়ের করেছেন। মামলার দুই নম্বর আসামি ড্রেজার মালিক পরিমলকে রাতেই গ্রেপ্তার করা হয়েছে। অন্য আসামিদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।

ইত্তেফাক/এসএআর/পিও

বিষয়: মামলা গ্রেফতার সিরাজগঞ্জ নদী দখল বালু উত্তোলন

Figure 9.1: **Published News (URL Screenshot)**

Project-10

Project Title: Central Desk/Saradesh **(অর্থ আত্মসাতের অভিযোগঃ কুষ্টিয়ায় সাবেক অধ্যক্ষ ও প্রভাষকের বিরুদ্ধে দুদকের মামলা)**

Type of Work: Online Report

Assigned Date: March 17, 2024

Published Date: March 17, 2024

Project Details: The Kushtia correspondent sent an email containing this story. Consequently, my supervisor tasked me with editing and preparing it for publication, ensuring it met all the standards and requirements of our platform.

My Roles and Responsibilities:

- Edit information to improve clarity, coherence, and accuracy.
- Maintain editorial standards by checking for grammatical, spelling, and typographical errors.
- Verify the information presented in the story to maintain credibility.
- Meet the deadline for timely publishing.
- Follow Ittefaq's editorial guidelines to create visually appealing content for readers.

Final Draft:

অর্থ আত্মসাতের অভিযোগঃ

কুষ্টিয়ায় সাবেক অধ্যক্ষ ও প্রভাষকের বিরুদ্ধে দুদকের মামলা

সরকারি অর্থ আত্মসাতের অভিযোগে কুষ্টিয়া ইসলামিয়া কলেজের দুই শিক্ষকের বিরুদ্ধে মামলা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক) । কলেজের সদ্য সাবেক অধ্যক্ষ নওয়াব আলী ও প্রভাষক আশরাফ উদ্দিন শেখ ওরফে রনিকে মামলায় আসামি করা হয়েছে।

বৃহস্পতিবার (১৪ মার্চ) দুদকের কুষ্টিয়া সমন্বিত জেলা কার্যালয়ে মামলাটি করেন সংস্থাটির সহকারী পরিচালক সাইদুর রহমান।

মামলা সূত্রে জানা যায়, ইসলামিয়া কলেজের ব্যবস্থাপনা বিভাগে ২০১০ সালের ২২ মে প্রভাষক পদে যোগদান করেন আশরাফ উদ্দিন শেখ। এমপিওভুক্ত হওয়ার পরও পেশাগত তথ্য গোপন করে জালিয়াতির মাধ্যমে তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেডের প্রধান কার্যালয়ে হিসাব সহকারী পদে যোগদান করেন তিনি।

এরপর সেখান থেকে ২০১৬ সালের ১ ডিসেম্বর থেকে ২০২২ সালের ৩০ জুন পর্যন্ত বেতন-ভাতা বাবদ ২৩ লাখ ৭ হাজার ৩২ টাকা উত্তোলন করেন। এই অভিযোগে দণ্ডবিধির ৪২০/৪০৯ এবং দুর্নীতি প্রতিরোধ আইন, ১৯৪৭ এর ৫(২) ধারায় তার বিরুদ্ধে মামলা করে দুদক। অর্থাৎ আশরাফ উদ্দিন একটি প্রতিষ্ঠানের (কুষ্টিয়া ইসলামিয়া কলেজ) স্থায়ী পদে কর্মরত থেকেও তথ্য গোপন করে আরেকটি প্রতিষ্ঠানে (তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড) স্থায়ী পদে চাকরি করে বেতন নিয়েছেন।

কলেজের হাজিরা খাতায় আশরাফকে অবৈধভাবে দীর্ঘদিনের স্বাক্ষর একদিনে দেওয়ার সুযোগ করে দেওয়ায় কলেজের সাবেক অধ্যক্ষ নওয়াব আলীকে মামলার আসামি করা হয়েছে।

মামলার বিষয়ে জানতে চাইলে অভিযুক্ত আশরাফ উদ্দিন বলেন, আমি তিতাস গ্যাসে চাকরির জন্য কখনো আবেদন করিনি। আমি ন্যাশনাল টিমের ভলিবল প্লেয়ার ছিলাম। তিতাসের একটা ভলিবল টিম ছিল। আমি ঐ টিমের ক্যাপ্টেন ছিলাম। আমি একটাই চাকরি করি এবং সেটা ইসলামিয়া কলেজেই।

মামলার আরেক আসামি কলেজের সাবেক অধ্যক্ষ নওয়াব আলী বলেন, বিষয়টি আমি দেখে ও জেনে বিস্তারিত জানাব। ইসলামিয়া কলেজের গভর্নিং বডির সভাপতি শামসুর রহমান বাবু জানান, বিষয়টি তিনি শুনেছেন। মামলাটি আদালতে নথিভুক্ত হওয়ায় এ বিষয়ে মন্তব্য করা সমীচীন হবে না বলে জানান তিনি।

First Draft:

অর্থ আত্মসাতের অভিযোগঃ

প্রভাষক ও সাবেক অধ্যক্ষের বিরুদ্ধে বিরুদ্ধে দুদকের মামলা

সরকারি অর্থ আত্মসাতের অভিযোগে কুষ্টিয়া ইসলামিয়া কলেজের দুই শিক্ষকের বিরুদ্ধে মামলা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক) ।

বৃহস্পতিবার (১৪ মার্চ) দুদকের কুষ্টিয়া সমন্বিত জেলা কার্যালয়ে মামলাটি দায়ের করেন সংস্থাটির সহকারী পরিচালক সাইদুর রহমান। ইসলামিয়া কলেজের প্রভাষক আশরাফ উদ্দিন শেখ ওরফে রনি এবং সদ্য সাবেক অধ্যক্ষ নওয়াব আলীকে মামলার আসামি করা হয়েছে।

মামলা সূত্রে জানা যায়, ইসলামিয়া কলেজের ব্যবস্থাপনা বিভাগে ২০১০ সালের ২২ মে প্রভাষক পদে যোগদান করেন আশরাফ উদ্দিন শেখ (৪২) । এমপিওভুক্ত হওয়ার পরও পেশাগত তথ্য গোপন করে জালিয়াতির মাধ্যমে তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেডের প্রধান কার্যালয়ে হিসাব সহকারী পদে যোগদান করেন তিনি। এরপর সেখান থেকে ২০১৬ সালের ১ ডিসেম্বর থেকে ২০২২ সালের ৩০ জুন পর্যন্ত বেতন-ভাতা বাবদ ২৩ লাখ ৭ হাজার ৩২ টাকা উত্তোলন করেন।

এই অভিযোগে দণ্ডবিধির ৪২০/৪০৯ এবং দুর্নীতি প্রতিরোধ আইন, ১৯৪৭ এর ৫(২) ধারায় তার বিরুদ্ধে মামলা করে দুদক। অর্থাৎ আশরাফ উদ্দিন একটি প্রতিষ্ঠানের (কুষ্টিয়া ইসলামিয়া কলেজ) স্থায়ী পদে কর্মরত থেকেও তথ্য গোপন করে আরেকটি প্রতিষ্ঠানে (তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড) স্থায়ী পদে চাকরি করে বেতন নিয়েছেন।

কলেজের হাজিরা খাতায় আশরাফকে অবৈধভাবে দীর্ঘদিনের জমে স্বাক্ষর একদিনে দেওয়ার সুযোগ করে দেওয়ায় কলেজের সাবেক অধ্যক্ষ নওয়াব আলীকে (৬২) মামলার আসামি করা হয়েছে।

মামলার বিষয়ে জানতে চাইলে অভিযুক্ত আশরাফ উদ্দিন বলেন, আমি তিতাস গ্যাসে চাকরির জন্য কখনো আবেদন করিনি। আমি ন্যাশনাল টিমের ভলিবল প্লেয়ার ছিলাম। তিতাসের একটা ভলিবল টিম ছিল। আমি ঐ টিমের ক্যাপ্টেন ছিলাম। আমি একটাই চাকরি করি এবং সেটা ইসলামিয়া কলেজেই।

মামলার আরেক আসামি কলেজের সাবেক অধ্যক্ষ নওয়াব আলী বলেন, বিষয়টি আমি দেখে ও জেনে বিস্তারিত জানাব। ইসলামিয়া কলেজের গভর্নিং বডির সভাপতি শামসুর রহমান বাবু জানান, বিষয়টি তিনি শুনেছেন। মামলাটি আদালতে নথিভুক্ত হওয়ায় এ বিষয়ে মন্তব্য করা সমীচীন হবে না বলে জানান তিনি।

Correspondent’s Copy:

কুষ্টিয়ায় সরকারি অর্থ আত্মসাত দায়ে অধ্যক্ষ-প্রভাষকের বিরুদ্ধে মামলা

সরকারি অর্থ আত্মসাত অভিযোগে কুষ্টিয়ার বেসরকারি ঐতিহ্যবাহী ইসলামিয়া কলেজের প্রভাষক আশরাফ উদ্দিন শেখ ওরফে রনিকে প্রধান আসামী ও সহয়তাকারি হিসাবে সদ্য সাবেক অধ্যক্ষ নওয়াব আলীর বিরুদ্ধে মামলা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক) ।

দুর্নীতি দমন কমিশন সমন্বিত জেলা কার্যালয় কুষ্টিয়ার সহকারী পরিচালক ও মামলার তদন্তকারি কর্মকর্তা সাইদুর রহমান ১৪ মার্চ বিকালে মামলাটি দায়ের করেন। দুদক প্রধান কর্যালয়ের উপ-পরিচালক ও জনসংযোগ কর্মকর্তা মো: আক্তারুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

মামলার বিবরণে জানাযায়, কুষ্টিয়া ইসলামিয়া কলেজের ব্যবস্থাপনা বিভাগে ২০১০ সালের ২২ মে প্রভাষক পদে যোগাদান করেন আশরাফ উদ্দিন শেখ ওরফে রনি। পরবর্তীতে এমপিওভুক্ত হওয়ার পরও তিনি শিক্ষকতা পেশায় নিয়োজিত থাকার তথ্য গোপন করে জালিয়াতির আশ্রয়ে তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেডের ঢাকাস্থ কাওরান বাজার এলাকার প্রধান কার্যালয়ে হিসাব সহকারী (কোড নং: ০৯৬৫১) পদে যোগদান করেন।

তিতাসে যোগদানের পর ২০১৬ সালের ১ ডিসেম্বর থেকে ২০২২ সালের ৩০ জুন পর্যন্ত বেতন-ভাতা বাবদ ২৩ লাখ ৭ হাজার ৩২ টাকা সরকারি অর্থ উত্তোলন ও আত্মসাৎ করেন। তিতাস গ্যাসে চাকুরীকালীন রনি মাঝে মাঝে কুষ্টিয়ায় এসে শিক্ষক হাজিরা খাতায় বিগত দিনগুলোর ফাঁকা ঘরে পরিপূর্ণ স্বাক্ষর দিয়ে কলেজের বেতন-ভাতা উত্তোলন করেছেন।

এতে অভিযুক্ত প্রভাষক রনি প্রকৃত তথ্য গোপন করে একই সাথে দুই প্রতিষ্ঠানে চাকরী ও সরকারি বেতন-ভাতা উত্তোলন করেছেন মর্মে দুদকের অনুসন্ধানে তথ্য মিলেছে। ফলে দুর্নীতি প্রতিরোধ আইন ১৯৪৭ এর ৫(২) ধারা ও ধারা দন্ডবিধি ৪২০/৪০৯/১০৯ মোতাবেক প্রভাষক রনিকে মামলার প্রধান আসামী এবং কলেজের হাজিরা খাতায় স্বাক্ষরসহ অপরাধ সংঘটনে সহয়তাকারি হিসাবে অধ্যক্ষ নওয়াব আলীকে আসামী অন্তর্ভুক্ত করা হয়েছে। অভিযোগটি অনুসন্ধানের পর প্রেরিত প্রতিবেদটি দুদকের প্রধান কার্যালয়ের অনুমোদনে মামলাটি রুজু করা হয়। কুষ্টিয়ার সহকারি দায়রা জজ আদালত এজাহারটি নথিভুক্ত করেছে।

ইসলামিয়া কলেজের গভর্নিং বডির সভাপতি শামসুর রহমান বাবু জানান, মামলা দায়েরের বিষয়টি তিনি শুনেছেন। মামলাটি আদালতে নথিভুক্ত হওয়ায় এবিষয়ে মন্তব্য করা সমীচীন হবে না বলে তিনি উল্লেখ করেন। ## মোস্তাফিজুর রহমান মঞ্জু, কুষ্টিয়া প্রতিনিধি। তাংঃ ১৬/৩/২৪

Challenges: I was near the end of my internship when I worked on this project. Since I knew what I was doing, editing this piece was not hard for me.

My Mistakes: I did not make any major mistakes. My supervisor just rearranged the lead paragraph and published it.

My Learning:

- Learned to craft clear and concise headlines.
- Became proficient in using subheadings effectively.
- Acquired the skill of aligning lead paragraphs with the headlines.
- Developed proficiency in eliminating unnecessary information.

URL Link: https://www.ittefaq.com.bd/681216

সারাদেশ

🏠 > সারাদেশ

অর্থ আত্মসাতের অভিযোগ

কুষ্টিয়ায় সাবেক অধ্যক্ষ ও প্রভাষকের বিরুদ্ধে দুদকের মামলা

কুষ্টিয়া প্রতিনিধি

প্রকাশ : ১৭ মার্চ ২০২৪, ১৮:৩১

সাবেক অধ্যক্ষ নওয়াব আলী ও প্রভাষক আশরাফ উদ্দিন। ছবি: সংগৃহীত

সরকারি অর্থ আত্মসাতের অভিযোগে কুষ্টিয়া ইসলামিয়া কলেজের দুই শিক্ষকের বিরুদ্ধে মামলা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। কলেজের সদ্য সাবেক অধ্যক্ষ নওয়াব আলী ও প্রভাষক আশরাফ উদ্দিন শেখ ওরফে রনিকে মামলায় আসামি করা হয়েছে।

বৃহস্পতিবার (১৪ মার্চ) দুদকের কুষ্টিয়া সমন্বিত জেলা কার্যালয়ে মামলাটি করেন সংস্থাটির সহকারী পরিচালক সাইদুর রহমান।

মামলা সূত্রে জানা যায়, ইসলামিয়া কলেজের ব্যবস্থাপনা বিভাগে ২০১০ সালের ২২ মে প্রভাষক পদে যোগদান করেন আশরাফ উদ্দিন শেখ। এমপিওভুক্ত হওয়ার পরও পেশাগত তথ্য গোপন করে জালিয়াতির মাধ্যমে তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেডের প্রধান কার্যালয়ে হিসাব সহকারী পদে যোগদান করেন তিনি।

এরপর সেখান থেকে ২০১৬ সালের ১ ডিসেম্বর থেকে ২০২২ সালের ৩০ জুন পর্যন্ত বেতন-ভাতা বাবদ ২৩ লাখ ৭ হাজার ৩২ টাকা উত্তোলন করেন। এই অভিযোগে দণ্ডবিধির ৪২০/৪০৯ এবং দুর্নীতি প্রতিরোধ আইন, ১৯৪৭ এর ৫(২) ধারায় তার বিরুদ্ধে মামলা করে দুদক।

অর্থাৎ আশরাফ উদ্দিন একটি প্রতিষ্ঠানের (কুষ্টিয়া ইসলামিয়া কলেজ) স্থায়ী পদে কর্মরত থেকেও তথ্য গোপন করে আরেকটি প্রতিষ্ঠানে (তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড) স্থায়ী পদে চাকরি করে বেতন নিয়েছেন।

কলেজের হাজিরা খাতায় আশরাফকে অবৈধভাবে দীর্ঘদিনের স্বাক্ষর একদিনে দেওয়ার সুযোগ করে দেওয়ায় কলেজের সাবেক অধ্যক্ষ নওয়াব আলীকে মামলার আসামি করা হয়েছে।

মামলার বিষয়ে জানতে চাইলে অভিযুক্ত আশরাফ উদ্দিন বলেন, আমি তিতাস গ্যাসে চাকরির জন্য কখনো আবেদন করিনি। আমি ন্যাশনাল টিমের ভলিবল প্লেয়ার ছিলাম। তিতাসের একটা ভলিবল টিম ছিল। আমি ঐ টিমের ক্যাপ্টেন ছিলাম। আমি একটাই চাকরি করি এবং সেটা ইসলামিয়া কলেজেই।

মামলার আরেক আসামি কলেজের সাবেক অধ্যক্ষ নওয়াব আলী বলেন, বিষয়টি আমি দেখে ও জেনে বিস্তারিত জানাব।

ইসলামিয়া কলেজের গভর্নিং বডির সভাপতি শামসুর রহমান বাবু জানান, বিষয়টি তিনি শুনেছেন।

মামলাটি আদালতে নথিভুক্ত হওয়ায় এ বিষয়ে মন্তব্য করা সমীচীন হবে না বলে জানান তিনি।

ইত্তেফাক/এসএআর/এবি/পিও

বিষয়: মামলা কুষ্টিয়া

Figure 10.1: **Published News (URL Screenshot)**

Internship Outcome

During my internship at the Daily Ittefaq, I immersed myself in various aspects of journalism, thoroughly examining ethical and legal considerations essential to the profession. Through this deep dive into different facets, I gained valuable insights that have significantly honed my skills as a journalist. Ultimately, this experience has instilled in me a robust sense of confidence in my abilities.

Here are some points that express my learning outcomes:

- Understand the newsroom environment and workplace culture.
- Learned how to communicate formally.
- Improved my journalistic writing skills.
- Developed my interpersonal and intrapersonal skills in communication.
- Learned about different editing policies and their implementations.
- Explored various news angles and their effective implementations.
- Understood different guidelines for news editing.
- Learned about the elements of a news story.
- Learned the proper implementation of the 5W 1H approach.
- Improved my weaknesses in writing headlines.
- Learned to use PBX for communicating with correspondents.
- Became proficient in using spellchecker.
- Acquired the skill of making posters for news to share on social media.

Work Log

Month: January

Week: 01



Day→1 Date: 21/01/2024

Sun ☐ MON ✓ ☐ Tue ☐ Wed ☐ Thu ☐ Fri ☐ Sat ☐

First day of internship:

Office entry: 6:03 P.M

office exit: 10:15 P.M

Task: Understanding the office environment, getting familiar with their writing style.



Day-4 Date: 24/01/2024

Sun ☐ MON ☐ Tue ☐ Wed ☐ Thu ✓ ☐ Fri ☐ Sat ☐

Office Entry: 6:15 P.M

Office Exit: 10:40 P.M

Tasks:

1. নতুন শ্রম আইন - আইনমন্ত্রী
2. প্রস্তুতি নিচ্ছেন (ধর্মমন্ত্রী)

Month: February

Week: 02



Day-9 Date: 30/01/2024

Sun □ MON □ Tue ✓ Wed □ Thu □ Fri □ Sat □

Office Entry: 6:18 P.M

Office Exit: 10:35 P.M

Tasks:

i) স্বরূপকাঠিতে সাবেক ইউপি চেয়ারম্যানকে হত্যা।

ii) চালককে হত্যা করে অটোবাইক ছিনতাই।

Both Published.



Day-13 Date: 04/02/2024

Sun ✓ MON □ Tue □ Wed □ Thu □ Fri □ Sat □

Office Entry: 10:15 A.M

Office Exit: 3:09 P.M

Tasks:

i) তমব্রু সীমান্তে গোলাগুলি, ঘরের চালে মর্টার শেল (Lead news)

ii) লোকালয়ে ঘুরছে দলছুট হনুমান

iii) বীর মুক্তিযোদ্ধা আমিনুল ইসলাম চৌধুরীর মৃত্যু।

Month: February

Week: 03



Day-17 Date: 08/02/2024

Sun ☐ MON ☐ Tue ☐ Wed ☐ Thu ☐ Fri ☑ Sat ☐

Office Entry: 10:42 A.M

Office Exit: 2:50 P.M

Tasks:

i) টিসিবির পণ্য বিতরণে চেয়ারম্যানের দুর্নীতি।

ii) সিরাজগঞ্জে হাঁস পালনে স্বচ্ছলতা বহু পরিবারে।

iii) রেলের ২০০ কোটি টাকার জমি দখলের পায়তারা, ৫০০ পরিবারকে উচ্ছেদ।



Day-19 Date: 11/02/2024

Sun ☑ MON ☐ Tue ☐ Wed ☐ Thu ☐ Fri ☐ Sat ☐

Office Entry: 10:51 A.M

Office Exit: 2:35 P.M

Tasks:

i) রামগঞ্জে অস্ত্রশস্ত্র সমেত ইউপি সদস্য আটক

ii) গুরুতর অসুস্থ ইত্তেফাকের রায়গঞ্জ প্রতিনিধির চিকিৎসার জন্য সহায়তা প্রয়োজন।

iii) কুমিল্লায় নারীসহ সংঘাতে নিহত ৫

iv) খাগড়াছড়িতে গৃহবধূকে ধর্ষণচেষ্টা, আটক-২

Month: February

Week: 04


Day-23 Date: 17/02/2024
Sun ☐ MON ☐ Tue ☐ Wed ☐ Thu ☐ Fri ☐ Sat ☑
office Entry: 10:46 A.M
office Exit: 4:10 P.M
Tasks:
i) ভাড়াটে গৃহবধূকে শ্লীলতাহানি, এএসআই গ্রেপ্তার। (Lead news)
ii) অর্থ আত্মসাৎ: সাবেক এমপির বিরুদ্ধে আওয়ামী লীগ নেতার মামলা
iii) যশোরে স্বেচ্ছাসেবক লীগ নেতাকে গুলি, একজনের হাতে আটক ৩।
iv) রাজনগরে ইউএনও কার্যালয়ে ঘুষবাণিজ্যে নাজেহাল সেবাপ্রার্থীরা


Day-24 Date: 18/02/2024
Sun ☑ MON ☐ Tue ☐ Wed ☐ Thu ☐ Fri ☐ Sat ☐
Office Entry: 10:51 A.M
Office Exit: 3:10 P.M
Tasks:
i) সরিষার ফলনে বিস্ময়, স্বস্তিতে মুখে কৃষক
ii) কম সংসদ সদস্য নিয়েও পার্লামেন্ট চালানো যায়: টুকু

Month: February

Week: 05



Day-27 Date: 24/02/2024

Sun ☐ MON ☐ Tue ☐ Wed ☐ Thu ☐ Fri ☐ Sat ✓

Office Entry: 10:15 A.M

Office Exit: 2:50 P.M

Tasks:

i) ফেসবুকে দুই কিশোরীর প্রেম, বিয়ে করতে এসে কী?

ii) ট্রাকচাপায় প্রাণ গেল দশম শ্রেণীর শিক্ষার্থীর



Day-30 Date: 27/02/2024

Sun ☐ MON ☐ Tue ✓ Wed ☐ Thu ☐ Fri ☐ Sat ☐

Office Entry: 10:45 A.M

Office Exit: 3:13 P.M

Tasks:

i) স্যালাইন খেয়ে এক শিশুর মৃত্যু, হাসপাতালে ৪

ii) চাঁদপুর জাটকা ধরায় ২৩ জেলেকে কারাদণ্ড।

iii) জমি লিখে না দেওয়ায় নির্যাতন, স্ত্রীর মাথা ন্যাড়া করলেন স্বামী।

Month: March

Week: 06



Day-33 Date: 01/03/2024

Sun ☐ MON ☐ Tue ☐ Wed ☐ Thu ☐ Fri ✓ Sat ☐

Office Entry: 11:35 A.M

Office Exit: 3:33 P.M

Tasks:

i) বেইলি রোডে আগুন: হরগঙ্গা কলেজের শিক্ষার্থীর মৃত্যু

ii) চুয়াডাঙ্গায় উষ্ণতা জনজীবন অনেক-2.



Day-34 Date: 02/03/2024

Sun ☐ MON ☐ Tue ☐ Wed ☐ Thu ☐ Fri ☐ Sat ✓

Office Entry: 10:45 A.M

Office Exit: 3:05 P.M

Tasks:

i) ভাইয়ের খোঁজে থানায় গিয়ে সাংবাদিকের শিকার, এএসআই ক্লোজড

ii) কানাডায় বাংলাদেশ হাইকমিশনারের প্রত্যাহার, প্রবাসীদের উদ্বেগ।

Month: March

Week: 07



Day-36 Date: 10/03/2024

Sun ☑ MON ☐ Tue ☐ Wed ☐ Thu ☐ Fri ☐ Sat ☐

Office Entry: 10:15 A.M

Office Exit: 3:14 P.M

Tasks:

i) ফসলি জমিতে বালু রাখতে নিষেধ করায় প্রাণনাশের হুমকি

ii) 2 বছরেই খানাখন্দে বেহাল সড়ক

iii) লক্ষ্মীপুরে গ্রামবাসী-[illegible] সংঘর্ষ



Day-38 Date: 12/03/2024

Sun ☐ MON ☐ Tue ☑ Wed ☐ Thu ☐ Fri ☐ Sat ☐

Office Entry: 11:05 A.M

Office Exit: 3:05 P.M

Tasks: (both follow-UP)

i) ঠিকাদারসহ ৬ জনের বিরুদ্ধে মামলা, ট্রাক্টর মালিক গ্রেপ্তার

ii) অভিযোগ প্রত্যাহার না করলে ছবি ইন্টারনেটে ছড়ানোর হুমকি।

Month: March

Week: 08



Day-41 Date: 17/03/2024

Sun ☑ MON ☐ Tue ☐ Wed ☐ Thu ☐ Fri ☐ Sat ☐

Office Entry: 10:05 A.M

Office Exit: 2:15 P.M

Tasks:

i) কুষ্টিয়ায় সাবেক অধ্যক্ষ ও প্রভাষকের বিরুদ্ধে মামলা

ii) বীর মুক্তিযোদ্ধার জমি দখলের অভিযোগ স্থানীয় প্রভাবশালীর বিরুদ্ধে

iii) চট্টগ্রামে হাতির আক্রমণে কৃষক নিহত,



Day-44 Date: ২১/03/২0২4

Sun ☐ MON ☐ Tue ☐ Wed ☐ Thu ☑ Fri ☐ Sat ☐

Office Entry: 10:15 A.M

Office Exit: 2:15 P.M

Tasks:

i) প্রধানমন্ত্রীর দেওয়া ঘরগুলো সংস্কার করা হচ্ছে,

ii) খুলছে না ইসলামপুর সেতুর ভাগ্য

iii) শাবিপ্রবি ছাত্রলীগ নেতার মাদক সেবনের ভিডিও ভাইরাল,

Month: March

Week: 09



Day-43 Date: 23/03/2024

Sun ☐ MON ☐ Tue ☐ Wed ☐ Thu ☐ Fri ☐ Sat ☑

Office Entry: 10:45 A.M

Office Exit: 3:45 P.M

Tasks:

i) আসন্ন রমজানে বেড়েছে বেগুনের দাম

ii) [illegible] বন্যা, [illegible]

iii) জয়পুরহাটে, [illegible] [illegible], [illegible]

iv) সুপারির দাম বেড়েছে [illegible]



Day-47 Date: 25/03/2024

Sun ☐ MON ☐ Tue ☑ Wed ☐ Thu ☐ Fri ☐ Sat ☐

Office Entry: 11:15 A.M

Office Exit: 3:05 P.M

Tasks:

i) ফুলবাড়িতে সুপারির বাজারে ভিড়, হতাশ চাষিরা।

ii) সূর্যমুখী চাষে আগ্রহ বাড়ছে কৃষকদের।

iii) [illegible] [illegible] [illegible] না, [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

MSJ043

SELF-ASSESSMENT FORM

The purpose of this survey is to obtain students' input on how they think they have performed.

Name of Intern: Sohan Al Razi

University ID: 191012052

Name of the Institute/Organization:	The Daily Ittefaq
Corporate Office Address:	40 Karwan Bazar, Dhaka 1215

Email:	ittefaqdigital@gmail.com	Web:	https://www.ittefaq.com.bd/

1. During a typical week, approximately how many hours did you dedicate to your internship?

24-25 hours

2. Was your internship paid? If yes, how much?

No, It was unpaid

3. Was your site supervisor available to meet when needed? Tick any one of the following.

☐Not at all ☐Slightly ☐Moderately ☐Quite a bit √A great deal

4. Next, we would like to know how you were affected by your internship. Using the scale below, please indicate the degree to which participation in your internship experience increased or strengthened your abilities, attitudes, awareness, or understanding in each of the areas identified:

1=Not at all 2=Slightly 3=Moderately 4=Quite a bit 5=A great deal

NO	CRITERIA (Personal)	RATING
1	I have a sense of satisfaction in doing something worthwhile.	**4**
2	I believe in my ability to make a difference.	**5**
3	I am open to new experiences.	**4**
4	I have gained the capacity to be more productive.	**5**
5	I can recognize my personal strengths.	**5**

6	I can recognize my personal weaknesses.	**5**
7	I have a sense of personal achievement.	**5**
8	I have the ability to persevere in difficult tasks	**5**
NO	CRITERIA (Social/Interpersonal Impact)	
9	I demonstrate concern for the welfare of others	**5**
10	I can be understanding and appreciative of people with diverse backgrounds	**4**
11	I have the ability to work cooperatively with others	**5**
12	I have the ability to communicate effectively	**4**
13	I have increased my ability to be a leader	**4**
14	I feel more connected to my community	**5**
NO	CRITERIA (Academic learning impact)	
15	I have acquired knowledge from the job duties I performed	**5**
16	I have broadened my critical thinking skills (reasoning, problem solving)	**5**
17	I have learnt the ability to work independently	**5**
18	I feel my classroom learning was enriched	**4**
19	I have the ability to connect academic subject matter to the real world.	**4**
NO	CRITERIA (EMPLOYMENT/JOB SPECIFIC IMPACT)	
20	I developed specialised technical skills for a specific job function	**4**
21	I broadened my future employment possibilities	**5**
22	I received an opportunity to explore a specific career	**5**
23	I developed realistic ideas about the work world	**5**
24	I narrowed my future possible career choices.	**5**
25	What is your average score from this test?	**4.48**

5. General Comments

Working with my host organization was an enriching experience immersed in real-life practical tasks. I consider myself fortunate to have had the opportunity.



Signature of Intern

MSJ 043 (00) Pages 2 of 2

Professional Competencies

- My job was to edit draft copies quickly. More practice, more speed, more expertise.
- I'm not a big fan of working in groups. However, my host organization kept teaching me this skill. It's essential for a career. I got better at it, and I hope I keep improving.
- Journalism is full of pressure. People need to think hard and do many other things. One must keep a cool head, or they won't do well. I got better at thinking clearly.
- Honestly, I was not great at writing headlines. My internship helped me improve my headline and news writing skills.
- Journalism is all about communication, it's the main thing here. I am getting better at communicating slowly.
- I have to say, my confidence grew a lot during my internship. Now, I feel like I can handle anything.

Appendix

I was fortunate enough to complete over 100 tasks during my internship at the Daily Ittefaq. Although I have only showcased 10 projects here, I have documented all my tasks in a Google Doc. This section will include the link to that Google Doc and all the pictures I took during my office internship.

Google Doc Link:
https://docs.google.com/document/d/12bxcetJe3tcVhWzGB0BCFIBVm_QbsjA_Kkhjdu8wjuA/edit?usp=sharing

Some selfies of myself at the workplace:

Figure 11.1: **First day at the office**



Figure 11.2: **Working at my desk**

Figure 11.3: **In front of the office entrance**



Figure 11.4: **Editing News**



Figure 11.5: **Reading a published news edited by me**

Figure 11.6: **With my supervisor on the office rooftop**

Figure 11.7: **With my supervisor at his desk**



Figure 11.8: **With Colleague**

Figure 11.9: **With Colleague**



Figure 11.9: **Supervisor reviewing my draft**

Figure 11.10: **Sitting at my desk**